

অগ্রদূত প্রকাশনার ৬০ বছর

বাংলাদেশ স্কাউটস এর মুখপত্র

# অগ্রদূত
# AGRADOOT

৬০ বর্ষ, ৩য় সংখ্যা, ফাল্গুন-চৈত্র ১৪২২, মার্চ ২০১৬

এ সংখ্যায়


মার্চ মাসে শুরু হয়
মুক্তির জন্য যুদ্ধ

৪ দেশী স্কাউটদের প্রকল্প কাজ

সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনা
বিষয়ক কোর্স

গার্ল ইন স্কাউটদের
আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

স্বাস্থ্য-কথা

খেলা-ধূলা

স্বদেশ বিবৃতি

জানা-অজানা

সাম্প্রতিক দেশ-বিদেশ

স্কাউট সংবাদ


## বাংলাদেশ স্কাউটস

কাবিং এর শতবর্ষ
100 Years of Cubbing 1916-2016
Bangladesh Scouts

DESCO
POWER IS YOURS

DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED (DESCO)

উন্নততর গ্রাহক সেবা প্রদানে ডেসকো অঙ্গিকারাবদ্ধ

- One Point Service এর মাধ্যমে ডেসকো'র সেবা গ্রহণ করুন।
- বিদ্যুৎ বিল সহজতর ও ঝামেলামুক্ত করতে SMS এর মাধ্যমে ডেসকো'র বিল পরিশোধ করুন।
- e-mail অথবা Website এর মাধ্যমে ডেসকো'র নিয়ন্ত্রণাধীন আপনার এলাকার লোড শেডিং এর খবর জেনে নিন।
- গ্রাহক হয়রানী সম্পর্কে অভিযোগ থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করুন।
- আপনার এলাকায় অনুষ্ঠিত গ্রাহক শুনানীতে অংশগ্রহণ করে আপনার সমস্যা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করুন।
- দিনের আলোতে প্রয়োজনীয় কাজ শেষ করুন।
- বিদ্যুৎ স্থাপনা আমাদের জাতীয় সম্পদ; দেশের নাগরিক হিসেবে এগুলো রক্ষা করুন।
- বৈদ্যুতিক যন্ত্রপাতি চুরি প্রতিরোধ করুন: বড় ধরনের বিদ্যুৎ বিপর্যয় থেকে দেশকে বাঁচান।
- লোড শেডিং কমাতে রাত ৮টার মধ্যে শপিং মল/দোকানপাটসহ বাণিজ্যিক প্রতিষ্ঠান বন্ধ রাখুন।
- অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের বিরুদ্ধে সোচ্চার হোন।
- বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করুন; এসি'র তাপমাত্রা ২৫° সে. বা তার উপর রাখুন।
- দোকান, শপিং মল, বাসা-বাড়ীতে অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করুন।
- কক্ষ/কর্মস্থল ত্যাগের পূর্বে বৈদ্যুতিক বাতি, পাখা ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ করুন।
- দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন, সূর্যের আলো ব্যবহার করুন।
- এক ইউনিট বিদ্যুৎ উৎপাদন অপেক্ষা এক ইউনিট বিদ্যুৎ সাশ্রয় অনেক লাভবান।
- বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন; অন্যকে ব্যবহারের সুযোগ দিন।

*বিদ্যুৎ খরচ কম হলে - আপনার লাভ তথা দেশের লাভ।*

**প্রধান উপদেষ্টা**
ড. মো. মোজাম্মেল হক খান

**সম্পাদক**
মোহাম্মদ তৌফিক আলী

**সম্পাদনা পরিষদ**
শফিক আলম মেহেদী
মোহাম্মদ রফিকুল ইসলাম খান
মো. মাহফুজুর রহমান
আখতারুজ জামান খান কবির
মোহাম্মদ মহসিন
মো. মাহমুদুল হক
সুরাইয়া বেগম, এনডিসি
সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
মো. আবদুল হক

**নির্বাহী সম্পাদক**
এ.এইচ.এম শামছুল আজাদ

**যুগ্ম সম্পাদক**
মো. মশিউর রহমান

**সহ-সম্পাদক**
আওলাদ মারুফ
ফরহাদ হোসেন

**চিত্রশিল্পী**
মতুরাম চৌধুরী

**অক্ষর বিন্যাস**
আবু হাসান মোহাম্মদ ওয়ালিদ

**বিনিময় মূল্য: বিশ টাকা**

**বাংলাদেশ স্কাউটস**
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড,
কাকরাইল, ঢাকা-১০০০
ফোন: ৯৩৩৭৭১৪, ৯৩৩৩৬৫১
পিএবিএক্স, সম্প্রসারণ-২৬
মোবাইল: ০১৭১২-৮৬৪১১৫
ই-মেইল: bsagrodoot@gmail.com
ফ্যাক্স: ৮৮০২-৯৩৪২২২৬

মাসিক অগ্রদূত বাংলাদেশ স্কাউটসের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।

**ক্লিক করুন**
www.scouts.gov.bd

অগ্রদূত প্রকাশনার ৬০ বছর

৬০ বর্ষ ৩য় সংখ্যা
ফাল্গুন-চৈত্র ১৪২২
মার্চ-২০১৬

বাংলাদেশ স্কাউটস এর মুখপত্র
অগ্রদূত
AGRADOOT

# সম্পাদকীয়

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস। এ মাসের ২৫ মার্চ ইতিহাসের বর্বরতম গণহত্যা ঘটায় পাকিস্তানী শাসকগোষ্ঠি। ১৯৭১ সালের মার্চ মাসের এ দিন রাতে নিরস্ত্র বাঙালির ওপর রক্তাক্ত হামলা চালায় রক্ত পিপাসু পাকিস্তানি হায়না সেনারা। রাতভর দেশজুড়ে পাকসেনারা গোলাগুলিতে বিভীষিকাময় হত্যাযজ্ঞ শুরু করে। অন্যদিকে এ রাতের বিসর্জিত রক্তের ওপর দিয়েই পরদিন সূর্যোদয়ের মধ্য দিয়ে সূচিত হয় নতুন প্রতিজ্ঞার ইতিহাস, শুরু হয় মুক্তির জন্য যুদ্ধ। ২৬ মার্চ আসে স্বাধীনতার ঘোষণা। দেশব্যাপী গড়ে উঠে প্রতিরোধ। মুক্তির জন্য মুক্তিযোদ্ধারা শুরু করে যুদ্ধ। দীর্ঘ নয় মাস যুদ্ধের পর এক সাগর রক্তের বিনিময়ে বীর বাঙালী ছিনিয়ে এনেছে স্বাধীনতার লাল সূর্য।


স্বাধীনতার এ মাসে আমরা শ্রদ্ধা ভরে স্মরণ করছি সে সব বীর সন্তানদের যাদের রক্তের বিনিময়ে আমরা অর্জন করেছি স্বাধীনতা, একটি স্বাধীনভূখন্ড ও লাল-সবুজ শোভিত একটি পতাকা।

বাংলাদেশ স্কাউটস প্রতি বছর মহান স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচী ও আলোচনা সভার আয়োজন করে থাকে। ২৬ মার্চ দেশব্যাপী কাব-স্কাউট, রোভার স্কাউটরা যথাযোগ্য মর্যাদা সহকারে দিবসটি পালন করে। এ বছর প্রায় প্রতিটি জেলায় স্কাউটরা এ দিবসে জেলা প্রশাসনের সহায়তায় আনুষ্ঠানিক মার্চপাষ্ট, খেলা-ধূলা, আনন্দ শোভাযাত্রা ও র‍্যালীতে এবং সেবা কার্যক্রমে অংশগ্রহণ করে।

মুক্তিযুদ্ধের চেতনায় আমাদের জীবনে সুখ-শান্তি নেমে আসুক। আমাদের হৃদয়ে বাংলাদেশ উজ্জীবিত হোক। সাফল্য-সমৃদ্ধি ও উন্নয়নের স্পর্শে জাগ্রত হোক বাঙালী। ধুয়ে মুছে যাক হতাশা- এই কামনা করি।

## অষ্টম জাতীয় ক্যাম্পুরী

উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা...




## প্রোগ্রাম বুলেটিন

বাংলাদেশ স্কাউটস-এর প্রোগ্রাম বিভাগ কর্তৃক প্রকাশিত হচ্ছে...




# সূচীপত্র


| | |
|---|---|
| প্রচ্ছদ প্রতিবেদন মার্চ মাসে শুরু হয় মুক্তির জন্য যুদ্ধ | ০৩ |
| ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপ | ০৪ |
| ৪ দেশী স্কাউটদের প্রকল্প কাজ | ০৭ |
| "সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনা" বিষয়ক কোর্স | ০৯ |
| বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন | ১১ |
| ভ্রমণ-কাহিনী | ১২ |
| ছড়া-কবিতা | ১৩ |
| স্বাস্থ্য-কথা | ১৪ |
| খেলা-ধূলা | ১৫ |
| তথ্য-প্রযুক্তি | ১৬ |
| স্কাউটিং কার্যক্রমের ছবি | ১৭ |
| সাম্প্রতিক দেশ-বিদেশ – তৌফিকা তাহসিন | ২৫ |
| স্বদেশ বিবৃতি | ২৬ |
| জানা অজানা | ২৭ |
| স্কাউটদের আঁকা ঝোকা | ২৮ |
| স্কাউট সংবাদ | ২৯ |


## অগ্রদূত লেখকদের প্রতি

অগ্রদূত আপনার পত্রিকা। বছরের যে কোন সময়ে অগ্রদূত এর জন্য লেখা পাঠাতে পারেন। আপনার এলাকার যে কোন স্কাউট সংবাদ, স্থানীয়, আঞ্চলিক বা জাতীয় কোন অনুষ্ঠানে স্কাউটদের সম্পৃক্ততার বিষয়ে প্রতিবেদন বা সংবাদ পাঠাতে পারেন। লিখতে পারেন আপনার কোন স্মৃতিকথা, গল্প, কবিতা, ভ্রমণ কাহিনী, প্রবন্ধ বা নিবন্ধ। উত্তম ও দক্ষ, কাব-স্কাউট, রোভার, গার্ল ইন স্কাউট এর সদস্যদের সাক্ষাৎকার অগ্রদূতে প্রকাশ করা হয়। এ সাক্ষাতকার স্কাউট/রোভারবৃন্দের যে কেউ তৈরি করে ছবিসহ পাঠালে তা যত্নের সাথে প্রকাশ করা হবে। লক্ষ্য রাখবেন, আপনার লেখা যেন অগ্রদূত পাঠকদের জন্য উপযোগী হয়। কাগজের এক পৃষ্ঠায় পরিষ্কার হস্তাক্ষরে বা কম্পিউটার কম্পোজ করে লেখা পাঠাতে হবে। কাগজের উভয় পৃষ্ঠায় লিখে পাঠানো হলে তা প্রকাশ করা সম্ভব নয়। লেখা বা সংবাদের সাথে ছবি থাকলে ভাল হয়, ছবি অবশ্যই পরিষ্কার হতে হবে। ছবির চারপাশে কোন প্রকার ডিজাইন বা বর্ডার দেবেন না। তবে কেউ ছবি পাঠালে তার সাথে ক্যাপশন বা বিবরণ লিখে দিবেন। সে সাথে আপনার পূর্ণ ঠিকানা এবং ফোন/মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে। অসম্পূর্ণ বা ঠিকানাবিহীন কোন লেখা প্রকাশ করা হবে না। অমনোনীত লেখা ফেরৎ দেয়া হয় না।

**সম্পাদক, অগ্রদূত**

**লেখা ই-মেইল করে পাঠানের ঠিকানাঃ bsagrodoot@gmail.com**
**ডাকযোগেঃ সম্পাদক, অগ্রদূত, বাংলাদেশ স্কাউটস**
**৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০**









# মার্চ মাসে শুরু হয় মুক্তির জন্য যুদ্ধ

ইতিহাসের বর্বরতম গণহত্যার ভয়াল স্মৃতির কালরাত ২৫ মার্চ। নির্মম এক হত্যাযজ্ঞের দিন। ১৯৭১ সালের এই দিন রাতে নিরস্ত্র বাঙালির ওপর বর্বরোচিত হামলা চালায় রক্তপিপাসু হিংস্র পাকিস্তানি হানাদার দল।

অপারেশন সার্চলাইটের নামে এ রাতে তারা মৃত্যুপুরীতে পরিণত করে পুরো ঢাকা শহরকে। দেশের বিভিন্ন স্থানে নিরীহ, নিরস্ত্র মানুষদের ওপর চালায় গণহত্যা ও বর্বর নির্যাতন। এ থেকে রেহাই পাননি ছাত্র, শিক্ষক, নারী, শিশু এমনকি রিকশাচালকও। স্বাধীনতাকামী বাঙালির স্বাধীনতা স্পৃহা চিরতরে মুছে দেয়ার জন্য দেশব্যাপী চলেছে গণহত্যা।

আমাদের স্বাধীনতার ইতিহাসে এ রাতটি কালরাত হিসেবে পরিচিত। একটি স্বাধীনতাকামী জাতির স্বাধীনতা ঘোষণার ঠিক আগ মুহূর্তে হায়েনার হিংস্র নখরে ক্ষত-বিক্ষত হয় মানবতা।

এ রাতে ইয়াহিয়ার লেলিয়ে দেয়া সেনাবাহিনী বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাস, শিক্ষক কলোনি, পুলিশ, ইপিআর ব্যারাকসহ আবাসিক এলাকা এবং বস্তিবাসীর ওপর আক্রমণ চালিয়ে শুরু করেছিল বিশ্ব ইতিহাসের নজিরবিহীন গণহত্যা, নিপীড়ন ও অত্যাচার।

এ হত্যাযজ্ঞে স্তম্ভিত হয়ে পড়েছিল বিশ্ববিবেক। ঐক্যবদ্ধভাবে স্বাধীনতার অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন কর্মসূচি ও সংগ্রামের মধ্য দিয়ে বাঙালি জাতির এগিয়ে যাওয়ার মুহূর্তে স্বাধীনতার আকাঙ্ক্ষাকে ধূলিসাৎ করার জন্য হানাদার বাহিনী এ হত্যাযজ্ঞ শুরু করলেও বাংলাদেশের নির্যাতিত মানুষের প্রতিরোধ স্পৃহার স্ফুলিঙ্গ এ রাত থেকেই দাউ দাউ করে জ্বলে ওঠে।

২৫ মার্চ রাতে ঢাকার বিভিন্ন জায়গায় হানাদার বাহিনীর অগ্নিসংযোগে চারদিকে আগুন জ্বলতে থাকে। চতুর্দিকে বিরামহীন গুলির শব্দে বিনিদ্রা রাত কাটায় নগরবাসী। হঠাৎ করে হানাদার বাহিনীর আক্রমণ ও রাস্তায় রাস্তায় তাদের সশস্ত্র টহলে ভীতসন্ত্রস্থ মানুষ ঘরের কোণে আশ্রয় নিয়েও শেষ রক্ষা করতে পারেনি।

তবে বর্বরতার বিপরীতে প্রতিরোধে জেগে উঠে অদম্য বাঙালি। সাধারণ মানুষের পাশাপাশি প্রতিরোধে এগিয়ে আসে সেনাবাহিনী ও পুলিশের বাঙালি সদস্যরা। শুরু হয় প্রতিরোধ যুদ্ধ।

তারই ধারাবাহিকতায় নয় মাসের মুক্তিযুদ্ধে অর্জিত হয় হাজার বছরের স্বপ্ন সাধের স্বাধীনতা, বিশ্বের মানচিত্রে মাথা উঁচু করে দাঁড়ায় লাল সবুজের স্বাধীন ভূখন্ড, স্বাধীন বাংলাদেশ। পূর্ব পরিকল্পনা অনুযায়ী অপারেশন সার্চলাইট শুরুর জন্য রাত সাড়ে ১১টায় ছাউনি থেকে বেরিয়ে আসে পাকিস্তানি সেনাবাহিনী। ফার্মগেটের মুখে হানাদার বাহিনী প্রথম প্রতিরোধের মুখোমুখি হয়। সেখানেই তারা চিৎকার করে পুরো ঢাকায় কারফিউ ঘোষণা করে। ছাত্র-জনতা বাধা দিলে পাখির মতো গুলি করে হত্যা করে স্বাধীনতা সংগ্রামীদের। ডিনামাইটের মাধ্যমে ব্যারিকেড উড়িয়ে দিয়ে শহরে প্রবেশ করে সেনারা। রাস্তায় রাস্তায় শুরু হয় ব্যারিকেড। প্রতিরোধকারী বাঙালি যোদ্ধাদের বিরুদ্ধে ট্যাংক, মর্টার, রকেট ব্যবহার করে সেনাবাহিনী। শুরু হয় চারদিকে গোলাগুলির বিস্ফোরণ, মানুষের আর্ত-চিৎকার।

হানাদাররা রাত দেড়টার দিকে বঙ্গবন্ধুর বাসভবনের সামনে হানা দেয়। তারা বাসভবনে এলোপাতাড়ি গুলি চালাতে থাকে। রাতেই বঙ্গবন্ধুকে বন্দি করে সেনানিবাসে নিয়ে যাওয়া হয়। মধ্যরাতে সেনাবাহিনী পিলখানা, রাজারবাগ ও নীলক্ষেত আক্রমণ করে। হানাদার বাহিনী পিলখানা ও নীলক্ষেতে প্রচন্ড প্রতিরোধের মুখোমুখি হয়।

হানাদার বাহিনী ট্যাংক, বাজুকা, মর্টারের মাধ্যমে নীলক্ষেতসহ বিশ্ববিদ্যালয় এলাকা দখল করে ফেলে। প্রচন্ড লড়াইয়ের পর পিলখানার ইপিআর ব্যারাকের পতন হয়। রাজারবাগ পুলিশ লাইন হামলাকারীদের কব্জায় আসে রাত দুটায়।

সেনাবাহিনীর মেশিনগানের গুলিতে, ট্যাংক-মর্টারের গোলায় আগুনের লেলিহান শিখায় একদিকে নগরীর রাত হয়ে ওঠে বিভীষিকাময়। অন্যদিকে এ রাতের বিসর্জিত রক্তের ওপর দিয়েই পরদিন সূর্যোদয়ের মধ্য দিয়ে সূচিত হয় নতুন প্রতিজ্ঞার ইতিহাস, শুরু হয় মুক্তির জন্য যুদ্ধ। ২৬ মার্চ আসে স্বাধীনতার ঘোষণা।

এরপর নয় মাস বাঙালির মরণপণ যুদ্ধে অর্জিত হয় রক্তের পতাকা। স্বাধীনতাকামী মানুষের রক্তেভেজা ২৫ মার্চ তাই বাংলাদেশের মানুষের কাছে তাৎপর্যপূর্ণ একটি ক্ষণ। এ দিনে শুরু হওয়া রক্তের স্রোতে ভেসেই জন্ম হয় স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের।




*ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠান শেষে বাংলাদেশ স্কাউটসের সহ-সভাপতি জনাব মো. হুমায়ুন খালিদ এর সাথে ওয়ার্কশপ কর্মকর্তা ও অংশগ্রহণকারীগণ*



*ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সাথে মতবিনিময় করছেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান*

# ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপ

বাংলাদেশ স্কাউটস-এর স্ট্র্যাটেজিক প্ল্যান ২০১৫-২০২১ প্রণয়ন-এর লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস-এর উদ্যোগে ১০-১১ মার্চ, ২০১৬ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে "ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপ" বাস্তবায়ন করা হয়।

ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপ ১০ মার্চ, ২০১৬ রেজিস্ট্রেশন ও আবাসন বন্টনের মাধ্যমে শুরু হয়। বর্ণিত ওয়ার্কশপে দেশের বিভিন্ন অঞ্চল থেকে আঞ্চলিক উপ কমিশনার, আঞ্চলিক সম্পাদক, আঞ্চলিক পরিচালক ও উপ পরিচালক এবং ইয়াং লিডারসহ মোট ৯২ জন স্কাউটার এবং জন ওয়ার্কশপ স্টাফ ও অন্যান্যসহ সর্বমোট ১১০ অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীদেরকে বিশ্বাসী, বন্ধু, শিমুল, সততা, প্রফুল্ল ও বিনীয় নামের ছয়টি গ্রুপে ভাগ করা হয়। এরপর আইস ব্রেকিং সেশন গ্রহণ করা হয়। আইস ব্রেকিং সেশন-এ পর নিম্নরূপ ওয়ার্কশপের উদ্দেশ্যসমূহ নির্ধারণ করা হয় এবং অংশগ্রহণকারী ৫ জনের সমন্বয়ে সুপারিশ প্রণয়ন কমিটির নাম ঘোষণা করা হয়।

**ওয়ার্কশপের উদ্দেশ্য :**

1. Identity the priority, Mission and Vision of Bangladesh Scouts.
2. Review the last Strategic Plan and SOWT of Bangladesh Scouts.
3. Finalization the draft of the Strategic Plan of 2015-2021.

সন্ধ্যা ০৭.০০ টায় বাংলাদেশ স্কাউটস-এর স্ট্র্যাটেজিক প্লান বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং SWOT এনালাইসিস শিরোনামের দুইটি সেসন পরিচালিত হয়। রাত ০৮.৩০ মিনিটে ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং রাত ০৯.৩০ মিনিটে প্রথম দিনের কার্যক্রম সমাপ্ত হয়। উল্লেখ্য, প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে বাংলাদেশ স্কাউটস-এর সহ সভাপতি এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব মো. হুমায়ুন খালিদ ওয়ার্কশপের শুভ উদ্বোধন করেন ও মূল্যবান বক্তব্য প্রদান করেন।

ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপ-এর দ্বিতীয় দিনের কার্যক্রম সকাল ০৮.৩০ মিনিটে স্কাউট প্রতিজ্ঞা পাঠের মাধ্যমে শুরু হয় এবং ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ২০১৫-২০২১ এর খসড়া উপস্থাপন ও প্রস্তাবিত প্রায়োরিটির অগ্রাধিকারগুলোর উপর জাতীয় কমিশনারগণের আলোচনা অনুষ্ঠিত হয়। সকাল ১০.০০ টায় বাংলাদেশ স্কাউটস-এর প্রধান জাতীয় কমিশনার ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো. মোজাম্মেল হক খান ওয়ার্কশপ পরিদর্শন করেন এবং অংশগ্রহণকারীদের বাংলাদেশ স্কাউটস-এর জন্য একটি বাস্তবমুখী ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ২০২১ প্রণয়নের বিষয়ে মূল্যবান পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেন।

সকাল ১১.০০ টায় "গ্রুপ ভিত্তিক স্ট্র্যাটেজিক প্ল্যান প্রায়োরিটির উদ্দেশ্য ও বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন" এবং "গ্রুপ ভিত্তিক প্রণীত স্ট্র্যাটেজিক প্রায়োরিটির উদ্দেশ্য ও কর্মপরিকল্পনা উপস্থাপন এবং চূড়ান্তকরণ" বিষয়ক সেশন দুটি অনুষ্ঠিত হয়।



ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান ও সাংগঠনিক ওয়ার্কশপ কর্তৃক নির্ধারিত বাংলাদেশ স্কাউটস-এর মিশন, ভিশন ও স্ট্র্যাটেজিক প্রায়োরিটি নিম্নরূপ-

**মিশন:** স্কাউট প্রতিজ্ঞা ও আইনকে ভিত্তি করে মূল্যবোধের বিকাশ ঘটিয়ে যুব সম্প্রদায়কে সয়ংসম্পূর্ণ, আত্মনির্ভরশীল ব্যক্তি হিসেবে গড়ে তোলার মাধ্যমে উন্নততর বিশ্ব গড়ার লক্ষ্যে গঠনমূলক কাজে আত্মনিয়োগের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখাই হচ্ছে স্কাউটিংয়ের মিশন বা লক্ষ্য।

১৯৯৯ সালে ডারবান, দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত বিশ্ব স্কাউট কনভারেন্সে স্কাউটিং এর মিশন গৃহীত হয়। বিশ্ব স্কাউটিং একটি ব্র্যান্ড হিসেবে "উন্নততর বিশ্ব তৈরি করা Creating a Better World" লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মিশন প্রণীত হয়।

**ভিশন:** শিক্ষামূলক চ্যালেঞ্জিং প্রোগ্রামের মাধ্যমে যুব সম্প্রদায়ের ইতিবাচক মূল্যবোধের পরিবর্তন ঘটিয়ে স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অবদান রাখার জন্য বাংলাদেশ স্কাউটস-এর স্বপ্ন/ভিশন হচ্ছে ২০২১ সালের মধ্যে ২১ লক্ষ স্কাউট সদস্য তৈরি করা।

**প্রস্তাবিত কৌশলগত অগ্রাধিকার (Proposed Strategic Priorities):**

**০১. অল্পবয়সী যুব সম্প্রদায় (Young People):** অল্প বয়সি ছেলেমেয়েদের পূর্ণ বিকাশের জন্যে উত্তেজনাপূর্ণ ও চ্যালেঞ্জিং ইয়ুথ প্রোগ্রামের ব্যবস্থাকরণ এবং স্কাউটিং এর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ। এই প্রায়োরিটিতে ইয়ুথ প্রোগ্রাম ও ইয়ুথ ইনভলবমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে।

(ক) ইয়ুথ প্রোগ্রাম
(খ) ইয়ুথ ইনভলবমেন্ট

**০২. অ্যাডাল্টস ইন স্কাউটিং (Adults in Scouting):** ইয়ুথ প্রোগ্রাম বাস্তবায়নের জন্য এবং দক্ষতা ও কার্যকরভাবে স্কাউট সংগঠন পরিচালনার জন্য অ্যাডাল্ট লিডারগের ব্যক্তিগত দক্ষতা উন্নয়ন। এই প্রায়োরিটিতে প্রশিক্ষণ, মূল্যায়ন ও স্বীকৃতি অন্তর্ভুক্ত রয়েছে।

(ক) প্রশিক্ষণ
(খ) মূল্যায়ন
(গ) স্বীকৃতি

**০৩. পরিচালনা ও অর্থ (Governance & Finance):** সাংগঠনিক তৎপরতা ও স্থিতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে দক্ষতা ও স্বচ্ছতার সাথে আর্থিক এবং অবকাঠামো উন্নয়ন সাধন করা। এই প্রায়োরিটিতে সংগঠন, ব্যবস্থাপনা, সম্পদ, গবেষণা ও মূল্যায়ন, আর্থিক ব্যবস্থাপনা ও স্কাউট ফাউন্ডেশন অন্তর্ভুক্ত রয়েছে।

(ক) সংগঠন
(খ) ব্যবস্থাপনা
(গ) সম্পদ
(ঘ) গবেষণা ও মূল্যায়ন
(ঙ) আর্থিক ব্যবস্থাপনা
(চ) স্কাউট ফাউন্ডেশন

**০৪. স্কাউট প্রোফাইল (Scout Profile):** স্কাউটিং এর ভাবমূর্তি উন্নয়নের লক্ষ্যে আন্ত:যোগাযোগ ও বহি:যোগাযোগ-এর মাধ্যমে স্কাউটিং-এর জনপ্রিয়তা বৃদ্ধি করা। এই প্রায়োরিটিতে ইমেজ ও ব্রান্ডিং, জনসংযোগ ও মার্কেটিং এবং যোগাযোগ অন্তর্ভুক্ত রয়েছে।

(ক) ইমেজ এবং ব্রান্ডিং
(খ) জনসংযোগ ও মার্কেটিং
(গ) যোগাযোগ

**০৫. সমাজ উন্নয়ন (Community Development):** স্কাউট সদস্যদের অনুপ্রাণিত করার জন্য সমাজ উন্নয়ন কাজের অভিজ্ঞতা শেয়ার করা এবং প্রতিটি স্কাউট সদস্যকে সমাজসেবায় জড়িত করা। এই প্রায়োরিটিতে পার্টনারশীপ ও ম্যাসেঞ্জার অব পিস অন্তর্ভুক্ত রয়েছে।
(ক) পার্টনারশীপ
(খ) ম্যাসেঞ্জার অব পিস

**০৬. মেম্বারশীপ গ্রোথ (Membership Growth):** সমাজের সকল পর্যায়ে স্কাউটিং সম্প্রসারণ এবং লিঙ্গ ভারসাম্য বজায় রাখার মাধ্যমে স্কাউট সদস্য সংখ্যা বৃদ্ধি করা। ২০১৮ সালের মধ্যে স্কাউট সদস্য সংখ্যা ১৮ লক্ষ এবং ২০২১ সালের মধ্যে ২১ লক্ষ স্কাউট সদস্য তৈরি করা। সার্বিক ভাবে মেম্বারশীপ গ্রোথের জন্য কমিউনিটি বেইজড স্কাউটিং, গার্ল-ইন-স্কাউটিং এবং এক্সটেনশন স্কাউটিং (সমাজের বিশেষ বিশেষ ক্ষেত্রে স্কাউটিং পৌছানো)।
(ক) কমিউনিটি বেইজড স্কাউটিং
(খ) গার্ল-ইন-স্কাউটিং
(গ) এক্সটেনশন স্কাউটিং

ওয়ার্কশপের শেষ পর্যায়ে ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান বাস্তবায়নের বিষয়ে নিম্নোক্ত ওয়ার্কশপ সুপারিশমালা চূড়ান্ত করা হয়-

**ওয়ার্কশপ সুপারিশমালা:**

০১ ক্যালেন্ডার বছর হিসেবে ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান-এর সময়সীমা ২০১৬-২০২১ সাল পর্যন্ত করা;

০২ ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান বিষয়ক ওয়ার্কশপে নির্ধারিত প্রায়োরিটি এরিয়া ও বিস্তারিত এ্যাকশন প্ল্যান অনুযায়ী অনুমোদিত কপি ১৫ এপ্রিল, ২০১৬ এর মধ্যে জেলা মালটিপারপাস ওয়ার্কশপের আগেই জেলা এবং অঞ্চলে দ্রুত পৌছানো যাতে ২০১৬-২০১৭ অর্থ বছর থেকেই বর্ণিত প্ল্যান অনুযায়ী সকল পর্যায়ে কার্যক্রম গৃহীত হয়;

০৩ ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান বাস্তবায়ন কার্যক্রম ফলোআপ ও মনিটরিং এর জন্য জাতীয় সদর দফতরে একটি নির্দিষ্ট বিভাগকে দায়িত্ব অর্পণ (যেমন: গবেষণা ও মূল্যায়ন বিভাগ/সংগঠন বিভাগ/নতুন বিভাগ/টাস্কফোর্স গঠন);

০৪ বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে প্রতি ছয় মাসে একবার (ফেব্রুয়ারি ও সেপ্টেম্বর) ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ওয়ার্কশপ আয়োজন ও মনিটরিং টিম গঠন এবং ডিজিটাল পদ্ধতিতে মনিটরিং নিশ্চিতকরণ;

০৫ স্ট্র্যাটেজিক প্ল্যানের প্রায়োরিটি এরিয়া অনুযায়ী জাতীয় সদর দফতরের বিভাগগুলোকে সমন্বয় করে সে অনুযায়ী জাতীয় কমিশনারগণের মধ্যে দায়িত্ব পূণ:বন্টন;

০৬ জাতীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্ল্যান বাস্তবায়ন ওয়ার্কশপ ও মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সকল স্তরের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখা।

■ প্রতিবেদক: আরশাদুল মুকাদ্দিস
যুগ্ম নির্বাহী পরিচালক (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস


ওয়ার্কশপে অংশগ্রহণকারীবৃন্দ




সিজেকে-বি প্রকল্পের ৩য় ওয়ার্কক্যাম্পে অংশগ্রহণকারী রোভার স্কাউট ও কর্মকর্তাগণের টিউবওয়েল স্থাপনের দৃশ্য

# ৪ দেশী স্কাউটদের প্রকল্প কাজ

স্কাউটস অব চায়না (তাইওয়ান), স্কাউট এসোসিয়েশন অব জাপান, কোরিয়া স্কাউট এসোসিয়েশন এর সাথে বাংলাদেশ স্কাউটস এই চার দেশের যৌথ একটি প্রকল্প 'সিজেকে-বি'। ২০১৪ সাল থেকে এই প্রকল্পের কার্যক্রম শুরু হয়। প্রতি বছর নির্ধারিত সংখ্যক রোভার ও লিডার ৬-৭ দিন মাঠ পর্যায়ের এ ওয়ার্কক্যাম্পে অংশগ্রহণ করে থাকে।

বাংলাদেশের তিনটি জেলার নির্ধারিত উপজেলায় বেইজ লাইন সার্ভে এবং হাউজ টু হাউজ ক্যাম্পেইন এর মাধ্যমে সমাজ উন্নয়ন কার্যক্রম, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার পাশাপাশি পুষ্টি, স্যানিটেশন, গার্বেজ ডিসপোজাল, বৃক্ষরোপন এবং নিরাপদ পানি পানের বিষয়ে প্রতি বছর কার্য এলাকায় ৩টি গ্রামের ৪০০ থেকে ৫০০টি পরিবারের সাথে কাজ করাই এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

এরই ধারাবাহিকতায় ১৪ ফেব্রুয়ারি থেকে ২১ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত শরিয়তপুর জেলার জাজিরা উপজেলার আলমখার কান্দি,পৈলান মোল্লার কান্দি ও ওকোলউদ্দিন মুন্সির কান্দি গ্রামে সিজেকে-বি'র তৃতীয় ওয়ার্কক্যাম্প অনুষ্ঠিত হয়। মুল কার্যক্রম শুরু হওয়ার পূর্বে এই গ্রামগুলোর বেইজ লাইন সার্ভে সম্পন্ন করা হয়। বেইজ লাইন সার্ভের মাধ্যমে বর্ণিত ৩টি গ্রামের ৫০৬টি পরিবারের আর্থ সামাজিক অবস্থার তথ্য সংগ্রহ করা হয়। ১৪ ফেব্রুয়ারি,২০১৬ তারিখ ৩য় ওয়ার্কক্যাম্পের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। পূর্ব নাওডোবা উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌ পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মো. শাজাহান খান, এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব মো. টিপু মুন্সি, এমপি। অনুষ্ঠানে স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ড: মো. মোজাম্মেল হক খান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন জাজিরা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোবারক আলী শিকদার; জেলা প্রশাসক শরিয়তপুর জনাব মাহমুদুল হোসাইন খান; নির্বাহী পরিচালক জনাব মো. মজিবর রহমান মান্নান প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জনাব মো. শাহ কামাল। সিজেকেবি বাস্তবায়ন কমিটির আহবায়ক জনাব মো. মহসিন, যুগ্ম সচিব এর স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। অংশগ্রহণকারী চারটি দেশের পক্ষ থেকে একজন করে প্রতিনিধি শুভেচ্ছা বক্তব্য দেন। এছাড়া মঞ্চে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (উন্নয়ন) জনাব মেসবাহ উদ্দিন ভূইয়া, শরিয়তপুরের পুলিশ সুপার জনাব সাইফুল্লাহ আল মামুন ও উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা জনাব মুকুল কুমার মৈত্র।

তৃতীয় ওয়ার্কক্যাম্পে তাইওয়ান থেকে ০৪ জন, জাপান থেকে ১২ জন এবং কোরিয়া থেকে ০৮ জন রোভার ও লিডার অংশগ্রহণ করেন। বাংলাদেশ স্কাউটস থেকে নির্ধারিত ১৭ জন




*অংশগ্রহণকারীদের ক্রেষ্ট প্রদান করছেন বাংলাদেশ স্কাউটসের সভাপতি জনাব মো. আবুল কালাম আজাদ*

রোভার স্কাউট ও লিডারসহ মোট ৭০ জন অংশগ্রহণ করেন।

সিজেকেবি নির্ধারিত কর্মসূচী অনুযায়ী কার্যক্রম শুরু হয় ১৪ ফেব্রুয়ারি ২০১৬ থেকে। প্রথম দিনের কার্যক্রমে ছিল ফিল্ড ভিজিট। পূর্বে বেইজ লাইন সার্ভের মাধ্যমে জরীপকৃত তিনটি গ্রামের ৫০৬ টি পরিবার, যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা পর্যবেক্ষণ করা হয়।

অংশগ্রহণকারী ৪টি দেশের প্রতিনিধিদের ৮টি গ্রুপে ভাগ করা হয়। দ্বিতীয় দিনের কার্যক্রমে প্রতিটি গ্রুপ পূর্ব নির্ধারিত পরিবারসমূহে যায়। সেখানে তারা পরিবার প্রতি সাবান, সেন্ডেল, টুথ ব্রাশ, পেষ্ট, নেইল কাটার ইত্যাদি বিতরণ করে এবং এগুলোর ব্যবহার সম্পর্কে অবহিত করে। একই ভাবে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম দিনে জরীপকৃত প্রতিটি পরিবারের মধ্যে উল্লিখিত দ্রব্যাদি বিতরণ করা হয়। প্রকল্প চলাকালীন সময়ে ৫৩টি পরিবারের মাঝে ৩টি রিং ও ১ স্লাব বিশিষ্ট স্যানেটারী টয়লেট বিতরণ করা। এছাড়া সুবিধাভোগীদের ১৫ টি স্থানে টিউবওয়েল বসানো হয়।

প্রকল্পের একটি উল্লেখযোগ্য ও আকর্ষণীয় কার্যক্রম ছিল বুথ ডেমোনেস্ট্রেশন। ৩টি গ্রামকে ২টি ভাগে ভাগ করে ১৮ ও ১৯ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে ২টি স্থানে বুথ ডেমোনেস্ট্রেশন এর আয়োজন করা হয়। অংশগহণকারী দেশসমূহ তাদের পরিবেশ, শিক্ষা, খেলাধুলার সামগ্রী স্টলের উপস্থাপন করে। শিশু স্বাস্থ্য, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ইত্যাদি বিষয়ের উপকরণ ডিসপ্লের মাধ্যমে উপস্থাপন করা হয়। একই সাথে শিশু, পুরুষ ও মহিলাদের ফ্রি চিকিৎসা দেয়ার ব্যবস্থা করা হয়। শরিয়তপুর সিভিল সার্জনের সহায়তায় দিনব্যাপী চিকিৎসা সেবা ও বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধপত্র প্রাপ্তিতে স্থানীয় গ্রামবাসীদের মধ্যে এ বিষয়ে ব্যপক সাড়া পড়ে যায়।

অংশগ্রহণকারী দেশসমূহের সাংস্কৃতিক, কৃষ্টি বিষয়ক উপস্থাপনা কান্ট্রি নাইট। ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ অনুষ্ঠিত হয় তাইওয়ান নাইট। তাইওয়ান নাইটে তারা তাদের সংস্কৃতি কৃষ্টি তুলে ধরে। ১৬ ফেব্রুয়ারি, ২০১৬ অনুষ্ঠিত হয় জাপান নাইট এবং ১৭ ফেব্রুয়ারি, ২০১৬ অনুষ্ঠিত হয় কোরিয়ান নাইট। কোরিয়ান নাইটে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর সহ সভাপতি ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব হুমায়ুন খালিদ। ১৮ ফেব্রুয়ারি, ২০১৬ অনুষ্ঠিত হয় বাংলাদেশ নাইট। বাংলাদেশ নাইটে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শরিয়তপুর জেলার জেলা প্রশাসক জনাব মাহমুদুল হোসাইন খান।

১৯ ফেব্রুয়ারি, ২০১৬ ইন্টারন্যাশনাল নাইট। ইন্টারন্যাশনাল নাইটে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখ্যসচিব জনাব মো. আবুল কালাম আজাদ। সভাপতিত্ব করেন জনাব আবু আলম মো. শহিদ খান, সভাপতি, সমাজ উন্নয়ন বিষয়ক জাতীয় কমিটি। উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জনাব মো. শাহ কামাল। নির্বাহী পরিচালক জনাব মো. মুজিবর রহমান মান্নান ,সিজেকেবি বাস্তবায়ন কমিটির আহবায়ক জনাব মো. মহসিন,যুগ্ম সচিব, জেলা প্রশাসক, শরিয়তপুর জনাব মাহমুদুল হোসাইন খান; জাজিরা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোবারক আলী শিকদার প্রমুখ।




*সনদ বিতরণ করছেন প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান*

২১ ফেব্রুয়ারি, ২০১৬ সিজেকে-বি প্রতিনিধিবৃন্দ আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে পুস্প অর্পন করেন। একই তারিখে প্রকল্পের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ড. মো. মোজাম্মেল হক খান। সভাপতিত্ব করেন জনাব মো. শাহ কামাল, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। মূল্যায়ন সভায় প্রকল্প বাস্তবায়নের পর্যালোচনা করা হয়। ৩য় ওয়ার্ক ক্যাম্প বাস্তবায়নে অভিজ্ঞতা থেকে আগামী বছর ৪র্থ ওয়ার্ক ক্যাম্পের সফল বাস্তবায়নে সকলে ঐক্যমত প্রকাশ করেন।

■ প্রতিবেদক: মো. আবু মোতালেব খান
যুগ্ম নির্বাহী পরিচালক (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস






*জাতীয় কমিশনার (সংগঠন), জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) কোর্স পরিচালকবৃন্দসহ অংশগ্রহণকারীগণ*

# "সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনা" বিষয়ক কোর্স

জড়তা কাটানো, প্রমিত বাংলা উচ্চারণে সুন্দর করে কথা বলা, যে কোন বিষয়ে তাৎক্ষনিকভাবে কিছু বলার ক্ষমতা অর্জন, সংবাদ ও উপস্থাপনার কৌশল সম্পর্কে ধারণা লাভ, অনুষ্ঠান উপস্থাপনায় বৈচিত্রতা আনা, বেতার উপস্থাপনার কৌশল সম্পর্কে ধারণা এই উদ্দেশ্য নিয়ে বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগের আয়োজনে শামস হল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় রোভার স্কাউটদের অংশগ্রহনে ২৫-২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ পর্যন্ত "সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনা" কোর্সের আয়োজন করা হয়। এই কোর্সে বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে ৩২ জন রোভার স্কাউট অংশগ্রহণ করেন। কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস। কোর্সটি প্রতিদিন সকাল ৯.০০ টায় শুরু হয়ে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত চলে। কোর্সে মোট ৯টি সেশন পরিচালনা করা হয়।

**প্রথম সেশন:** পরিচালক জনাব এম আলমগীর, নিউজ প্রেজেন্টার অ্যান্ড নিউজ রুম এডিটর, বাংলা ভিশন

**সেশনের বিষয়সমূহ:** সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনার লক্ষ্য ও উদ্দেশ্য, জড়তা কাটানো, কোর্স সম্পর্কে সার্বিক ধারণা, পাবলিক স্পিকিং, বাচনভঙ্গি, আবেগ, ভাব, রসবোধ, নিজে থেকে বলার ক্ষমতা অর্জন করা, শব্দ সম্ভার সমৃদ্ধকরণ, বৈচিত্র।

**দ্বিতীয় সেশন:** পরিচালক জনাব এম আলমগীর, নিউজ প্রেজেন্টার অ্যান্ড নিউজ রুম এডিটর, বাংলা ভিশন

**সেশনের বিষয়সমূহ:** বেতার উপস্থাপনার কৌশল, বাণীবদ্ধ, বেতার উপস্থাপনা কেন আলাদা?, বেতার সংবাদ পাঠ, অধিবেশন ঘোষণা, আবহাওয়া বিজ্ঞপ্তি, আরজে (কৌশল, মিউজিক সেন্স, শ্রোতার সাইকোলজি, তাৎক্ষনিক উত্তর দেয়ার এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা)

**তৃতীয় সেশন:** পরিচালক জনাব সালমা ফারুক, নিউজ প্রেজেন্টর, বাংলাদেশ বেতার

**সেশনের বিষয়সমূহ:** শেখার আগ্রহ, নিয়মিত চর্চা, আপ টু ডেট থাকা, গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের নাম, পদবী, কাজের ক্ষেত্র সম্পর্কে ধারণা, পরিস্থিতি মোকাবেলা, তাৎক্ষনিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা

**চতুর্থ সেশন:** পরিচালক জনাব এম আলমগীর, নিউজ প্রেজেন্টার অ্যান্ড নিউজ রুম এডিটর, বাংলা ভিশন

**সেশনের বিষয়সমূহ:** উপস্থাপকের প্রস্তুতি (শারীরিক, মানসিক, ড্রেসআপ, গেটআপ, মেকআপ), অনুষ্ঠান সম্পর্কে সম্যক ধারণা, অনুষ্ঠানের ধরণ অনুযায়ী উপস্থাপনা, নিজেকে আকর্ষণের কেন্দ্র বিন্দুতে আনার কৌশল, প্রেক্ষাপট অনুযায়ী পোষাক এবং সাজ নির্ধারণ

**পঞ্চম সেশন:** পরিচালক বেগম শারকে চামান খান, নিমকো, ঢাকা।

**সেশনের বিষয়সমূহ:** প্রমিত বাংলা উচ্চারণ ,অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বণি

**ষষ্ঠ সেশন:** পরিচালক জনাব সুকান্ত গুপ্ত অলক, নিউজ এডিটর, দেশ টিভি

**সেশনের বিষয়সমূহ:** সংবাদ উপস্থাপনার ক্ষেত্রে টেকনিক্যাল শব্দ, বিষয় ও প্রেক্ষাপট, সংবাদের ধরণ, সংবাদের গভীরতা,

সংবাদ আত্মস্থকরণ, নিউজম্যান হয়ে ওঠা, সংবাদের সাথে সম্পৃক্ত হওয়া, নিরপেক্ষতা, পরিমিতিবোধ, ব্যক্তিত্ব, শৃঙ্খলা, সময়ানুবর্তিতা, স্টেশন স্ট্রাটেজি, চেইন অব কমান্ড মেনে চলা

**সপ্তম সেশন:** পরিচালক জনাব মো. মিজানুর রহমান খান, দৈনিক প্রথম আলো।

**সেশনের বিষয়সমূহ:** সাক্ষাতকার গ্রহণের পূর্ব প্রস্তুতি, সঠিক সময়ে সঠিক প্রশ্ন করা, ফাইভ ডব্লিউ - ওয়ান এইচ, স্পর্শকাতর বিষয়ের ক্ষেত্রে করণীয়, সাক্ষাতকার প্রদানকারী সম্পর্কে ধারণা, সাক্ষাতকারের বিষয় সম্পর্কে ধারণা (তথ্য, তত্ত্ব, উপাত্ত, উদাহরণ, পরিসংখ্যান ইত্যাদি)

**অষ্টম সেশন:** পরিচালক জনাব সালাহ উদ্দীন আহমেদ, নিউজ প্রেজেন্টার, বাংলাদেশ টেলিভিশন

**সেশনের বিষয়সমূহ:** আবৃত্তি, ভয়েস ডেলিভারী, ভয়েস স্কেল, ভয়েস মডিউলেশন, পজ, সেমিপজ, স্ক্যানিং, মাইক্রোফোনের ব্যবহার, স্ট্যান্ডার্ড ভয়েস ডেলিভারী, ব্যাকগ্রাউন্ড ভয়েস, স্বর সাধণ, দমের ব্যায়াম, স্বরযন্ত্রের ব্যায়াম, টেইল ড্রপ না করা, বোল্ডনেস।

**নবম সেশন:** পরিচালক জনাব সুকান্ত গুপ্ত অলক, নিউজ এডিটর, দেশ টিভি

**সেশনের বিষয়সমূহ:** সংবাদ উপস্থাপনা এবং অনুষ্ঠান উপস্থাপনা কোর্সের তাত্ত্বিক এবং ব্যবহারিক বিষয়সমূহের সমন্বয়, মিডিয়ায় কাজ করার ক্ষেত্রে বিশেষ নির্দেশনা, বাংলাদেশে সংবাদ মাধ্যমের অতীত ও বর্তমান, প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন মিডিয়া।

২৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ সকাল ৯.৩০ মিনিটে কোর্সের উদ্বোধন করেন জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (সংগঠন), বাংলাদেশ স্কাউটস ও প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিযার, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, যুগ্ম নির্বাহী পরিচালক(প্রশিক্ষণ) , বাংলাদেশ স্কাউটস।

**দেশ টিভি পরিদর্শন:** কোর্সে অংশগ্রগণকারী সকল রোভার স্কাউট এবং বিগত কোর্সে অংশগ্রহণকারী ১৫ জন রোভার স্কাউট ২৭ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে দেশ টিভি পরিদর্শন করে। দেশ টিভির নিউজ রুম, প্রোগ্রাম ষ্টুডিওসহ সকল কার্যক্রম ঘুরে দেখে।

২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ, বিকেল ৪.৩০ মিনিটে কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদ বিতরণ করেন জনাব মো. মাহমুদুল হক, জাতীয় কমিশনার (প্রকল্প), বাংলাদেশ স্কাউটস, বিশেষ অতিথি যথাক্রমে জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, কাজী নাজমূল হক, জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস । সভাপতিত্ব করেন জনাব মো. মজিবর রহমান মান্নান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউস। কোর্স সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিযার, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস।

■ অগ্রদূত প্রতিবেদন



দেশ টিভি পরিদর্শনকালে অংশগ্রহণকারীদের সংক্ষিপ্ত ধারণা প্রদান করছেন জনাব সুকান্ত গুপ্ত অলক





"নারী দিবস ও বাংলাদেশে গার্ল-ইন-স্কাউটিং" প্রেক্ষিত বিষয়ক আলোচনা সভায় প্রধান জাতীয় কমিশনার, জাতীয় কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), সহ-সভাপতি, নির্বাহী পরিচালকসহ গার্ল-ইন-স্কাউটিং ও গার্ল-ইন-রোভারগণ

## বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

১৬ মার্চ, ২০১৬ তারিখে জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে " নারী দিবস ও বাংলাদেশে গার্ল ইন স্কাউটিং প্রেক্ষিত" বিষয়ক এক প্রাণবন্ত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় ও জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস জনাব সুরাইয়া বেগম, এনডিসি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও সহ সভাপতি, বাংলাদেশ স্কাউটস জনাব মো. সোহরাব হোসাইন, প্রধান অতিথি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ড: মো. মোজাম্মেল হক খান, প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন। মহতী এ আয়োজনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন স্কাউটার ড: আরেফিনা বেগম, লিডার ট্রেনার, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব ফাহমিদা, জাতীয় উপ কমিশনার (গার্ল ইন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস। ধন্যবাদ জ্ঞাপন করেন জনাব মো. মজিবর রহমান মান্নান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠান পরিচালনা করেন জনাব মাহবুবা খানম, জাতীয় উপ কমিশনার(গার্ল ইন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস।

অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মো. সোহরাব হোসাইন বাংলাদেশের স্কাউটিংয়ে নারীদের অগ্রযাত্রাকে সাধুবাদ জানান এবং এ ধরনের আয়োজনের প্রশংসা করেন। তিনি বলেন নারীরা আজ অবহেলিত নয়। নারীরা তাদের যোগ্যতা বলে নিজ নিজ আসন করে নিয়েছেন।

প্রধান স্কাউট ব্যক্তিত্ব ড: মো. মোজাম্মেল হক খান সভায় উপস্থাপিত মূল প্রবন্ধের প্রশংসা করেন। তিনি নারী দিবসের সাথে বিশ্ব স্কাউটিং তথা বাংলাদেশে স্কাউটিং ও গার্ল ইন স্কাউটিংকে সম্পৃক্ত করে এ ধরনের উপস্থাপনাকে অত্যন্ত উচ্চমানের উপস্থাপনা হিসেবে বিচেনা করেন। তিনি আরো বলেন নারীরা আজ সর্বক্ষেত্রে তাদের যোগ্যতার স্বাক্ষর রাখছেন। তিনি উদাহরণ হিসেবে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কথা বলেন। তিনি বলেন বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ পরিচালনায় সারা বিশ্বের নজর কাড়তে সামর্থ্য হয়েছেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় ও জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস জনাব সুরাইয়া বেগম তাঁর বক্তব্যে বলেন, শত প্রতিকূলতার মাঝেও নারীরা তাদের স্ব স্ব অবস্থান করে নিয়েছেন। তিনি নারীদের বিভিন্ন অর্জন তুলে ধরেন। বাংলাদেশে গার্ল ইন স্কাউটিংকে সম্মৃদ্ধ করতে যারা অবদান রেখেছেন তাদের কৃ তজ্ঞচিত্তে স্মরণ করেন।

অনুষ্ঠানের সঞ্চালক জনাব মাহবুবা খানম, জাতীয় উপ কমিশনার(গার্ল ইন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস পরিসংখ্যানের মাধ্যমে বাংলাদেশ স্কাউটসে গার্ল ইন স্কাউটিং এর অবস্থান তুলে ধরেন এবং আগামী ২০২১ সালে ২১ লক্ষ স্কাউট তৈরীর বাংলাদেশ স্কাউটসের লক্ষ্যমাত্রা অর্জনে গার্ল ইন স্কাউটিংকে সকল পর্যায়ে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে সংশ্লিষ্ট সবার সময়োপযোগী সুদৃষ্টি প্রত্যাশা করেন।

আলোচনা শেষে ইডেন মহিলা কলেজের গার্ল ইন রোভার, টিকেট টু লাইফ এর গার্ল ইন স্কাউট দল এবং ঢাকা জেলা নৌ এর গার্ল ইন স্কাউট দলের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সারা দেশে থেকে বিভিন্ন পর্যায়ের ৮০ জন গার্ল ইন স্কাউট লিডার এই সভায় অংশগ্রহণ করেন।

■ প্রতিবেদক: মাহবুবা খানম
জাতীয় উপ-কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস





## ভারত ভ্রমণ

ছোটবেলা থেকেই ভ্রমণের খুব ইচ্ছা ছিল। ইচ্ছে হত আরো বড় হলে শুধু দেশ দেশান্তরে ঘুরে বেড়াব। শুধু মনে ইচ্ছাটি স্বপ্নের মতো পুষে রাখছিলাম। একদিন সেই ইচ্ছাটি পূরণ হওয়ার সময় এলো। আমি তখন ২০১৪ সালের চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী। আমি তখন একজন কাব স্কাউট। সবে মাত্র আমি এবং আমাদের 'আইডিয়াল ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের কিছু শিক্ষার্থী 'শাপলা কাব অ্যাওয়ার্ড' এ জাতীয় পরীক্ষাটি দিয়েছি। ঢাকা থেকে ডাক এলো আমার ভারত অর্থাৎ আমাদের প্রতিবেশী দেশে ভ্রমণ করার সুযোগ এসেছে। আমাদের ইউনিট লিডার 'জনাব ফাতেমা আক্তার খাতুন' এর কাছে এই কথা শুনে আমি মনে মনে অত্যন্ত আনন্দিত। তবুও বললাম, 'বাবা-মাকে জিজ্ঞাসা করে নেই, আমি যাব কি না' বাবা-মাকে জিজ্ঞাসা করতেই তারা রাজি হলো। খুশির খবর নিয়ে চললাম ফাতেমা ম্যামের কাছে। ম্যাম সব কাগজ পত্র ঠিক করতে লাগলেন।

আর আমিও প্রস্তুত হতে শুরু করলাম। আমাদের যাওয়ার তারিখ ঠিক হচ্ছিল না। ভালোভাবে তারিখ ঠিক না হওয়ায় বার বার তারিখ পেছাতে লাগলো। শেষে ২০15 সালের এপ্রিল মাসের ৭ তারিখ ভারত যাওয়ার তারিখ ঠিক হলো। বাংলাদেশ থেকে বিশ জন কাব স্কাউট (দশ জন ছেলে দশ জন মেয়ে) এবং চৌদ্দ জন ইউনিট লিডারর যাওয়ার সিদ্ধান্ত হল। আমি আমার বাবা, মা ও ভাইকে নিয়ে পরিবার এর কাছ থেকে বিদায় নিলাম মন ভরা দু:খ নিয়ে তবে কিছুটা আনন্দও হচ্ছিল। আমরা ময়মনসিংহ রেলস্টেশন থেকে কমলাপুর রেলস্টেশনে পৌছালাম এবং সেখানে রাত্রিযাপন করলাম। ভোরবেলা বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে গেলাম এবং যশোর এর উদ্দেশ্যে রওনা দিলাম। আমরা ঢাকায় এসে সকলে মিলিত হয়েছিলাম তবে একজন কাব এর যশোর স্কাউট ভবনে পৌঁছানোর কথা ছিল। আমরা যশোর যাওয়ার পথে বিশাল পদ্মা নদীর মোহনার ওপর দিয়ে লঞ্চ দিয়ে যাত্রা করলাম, আহ্ কী সুন্দর বাতাস, মন ভরে যায়। কী মিষ্টি গন্ধ। প্রকৃতির এক অপরূপ লীলাতে আমাদের সকলের মন ভরে গেল। শেষে পৌছালাম যশোর স্কাউট ভবনে। সেখানে থেকে ৭ তারিখ বাসে রওনা হলাম ভারত এর উদ্দেশ্যে। বাস যশোর বেনাপোলের বর্ডার এর সামনে থেকে গেল। হেঁটে গেলাম ভারত এর সীমানায়। ভারত দেখতে প্রায় বাংলাদেশের মতো। আমরা আবার বাস ভাড়া করে চললাম কলকাতায়। সেখানে গিয়ে উঠলাম গঙ্গানগর স্কাউট ভবনে। সেখানে দুই দিন থেকেছি। আমরা এই দুই দিন কলকাতার প্রাচীন যাদুঘরে গিয়েছি, Since City তে বিজ্ঞানের নানা ধরণের মজার কর্মকান্ড দেখেছি, বোলপুরের শান্তিনিকেতনে রবীন্দ্রনাথ ও তার বাবার কীর্তি। আমরা ১১ তারিখ সকালে ট্রেনে চড়ে কলকাতার এক গেস্ট হাউজে উঠেছি। সেখান থেকে নিকো পার্কে গিয়ে আনন্দ করেছি। প্রেসিডেন্সি বিদ্যালয়, বিদ্যাসাগর উদ্যান, সংস্কৃতি কলেজ, কফি হাউজ, ভিক্টোরিয়া পার্ক, দক্ষিণেশ্বর এসব দার্শনিক স্থানে গিয়েছি। আমরা এসব স্থানের ফটো তুলে এনেছি। আমরা সেখানকার বিভিন্ন মার্কেট থেকে পরিবার ও আত্মীয়স্বজনের জন্য বিভিন্ন সামগ্রী ক্রয় করি। আমরা সেই গেস্ট হাউজে চার দিন থেকে বাংলাদেশের উদ্দেশ্যে রওনা দিই। বাংলাদেশে অর্থাৎ নিজ দেশে আসার দিনটি ছিল বাংলা নববর্ষ। এরকম একটি দিনে নিজ দেশে আসতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত ছিলাম। আমরা ঢাকায় ফিরে নিজ নিজ বাবা-মার কাছে ফিরে যাই। ভারতে কাটানো সাত দিন আমার কাছে আনন্দের ও বিস্ময়কর বিষয় ছিল। এ সাতটি দিন নিজ দেশ ছাড়া থেকে নিজ দেশের জন্য মায়া মমতা আরো বৃদ্ধি পেয়েছিল। সাতটি দিন আমাদের স্যার ও ম্যামরা আমাদের আদরের সাথে যত্ন করেছেন। স্কাউটিং একটি আন্তর্জাতিক কার্যক্রম। তাই আমি পরিশেষে বলব 'নিজের মেধাকে বিকশিত করার জন্য ও দেশ ও মানুষের সেবা করার জন্য যেন সকলেই স্কাউটে যোগ দান করেন।

■ লেখক: ফাহিমা আঞ্জুম তুলি
আইডিয়াল ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ
ময়মনসিংহ




## স্বাধীনতা

সুফলা বাণী দাশ

স্বাধীনতা দিয়েছ তুমি
সবুজের মাঝে লাল পতাকা
দিতে পার কি ফিরিয়ে
লক্ষ মানুষের প্রাণ।

পার কি ফিরিয়ে দিতে
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুরকে
পার কি ফিরিয়ে দিতে
যারা তোমায় ভালবেসে দিয়েছিল জীবন
করেছিল রক্ত দান।

যারা গেয়েছিল
৭১' এর গান
তুমি পার কি ফিরিয়ে দিতে
মা-বোনের সম্মান।

মুছে দিতে পার কি
কোটি মায়ের কান্না
পার কি ফিরিয়ে দিতে
তাদের বীর সন্তান।

স্বাধনিতা তুমি আর কারও নও
বাংলার মানুষের প্রাণ
তুমি ছিলে, আছ, থাকবে আজীবন
বাংলার স্মৃতিতে অম্লান।

## অগ্রদূতের অনন্যতা

মো. আল-আমিন

অগ্রদূতের আলোয় ভরছে আকাশ,
গাইছে পাখি বইছে বাতাস।
অগ্রদূত তুমি শান্তির দূত,
কাটিয়ে সকল ঝামেলা-ঝুট।
দেখাও আলোর পথ,
দিয়ে ভালো মত।
মিলাই সবাই হাত,
কাটবে আধাঁর রাত।
লেখকের কলমের শক্তি,
আনবে মানুষের মুক্তি।



# স্বাস্থ্য কথা

## শিশুর মস্তিষ্ক উন্নয়নের ১০টি টিপস



স্মার্ট বেবি! নাহ, শব্দটা শুধু শিশুর পোশাক-আশাক কিংবা মিষ্টি চেহারা নিয়ে বলা হয়নি। আপনার সন্তান তখনই সবার চোখে স্মার্ট হয়ে উঠতে পারে যখন তাঁর কথা-বার্তা, চলা-ফেরা সবকিছুতেই থাকবে বুদ্ধিদীপ্ততা আর ভালো কিছু করার মানসিকতা। আর সন্তানকে এভাবে গড়ে তোলার দায়িত্ব নিতে হবে আপনাকেই। শিশুর মস্তিষ্ক উন্নয়নের উপরেই শিশুর সব ধরণের উন্নতি নির্ভর করে। তাই ছোটবেলায় মা ও বাবার আচরণ, কর্মকান্ড সন্তানের উপর দারুণ প্রভাব ফেলে। কি করে খুব ছোটবেলা থেকে সন্তানকে উন্নত মস্তিষ্ক সপন্ন করে গড়ে তুলতে পারবেন আদর্শ একটি শিশু হিসেবে তার জন্য আজ রয়েছে ১০ টি টিপস।

১। স্বাভাবিক প্রতিদিনের কাজ যেমন খাবার খাওয়ানো, ঘুম পাড়ানো, আদর করা সবকিছু থেকে শেখার জন্যই শিশুর মস্তিষ্ক তৈরি থাকে। তাই আলাদা করে শুধুমাত্র শিক্ষামূলক জিনিসের উপর জোর করার কিছু নেই।

২। শিশুর স্বাভাবিক উন্নতি ও বৃদ্ধির জন্য তার ভরপেট শরীর, শুকনো ডায়াপার ও একটি আরামদায়ক পরিবেশ-এই তিনটি জিনিস খুব জরুরী। তাই এক্ষেত্রে কোন রকম গাফিলতি চলবে না।

৩। আপনার সন্তানের সাথে যত বেশি পারুন কথা বলুন, কথা বা গল্প শুনে শিশুরা অনেক কিছুই ছোটবেলা থেকে শিখতে পারে। তাকে বই পড়ে শোনান যত বেশি সম্ভব।

৪। শিশুর সাথে যত ধরণের খেলা করা যায়, যতভাবে তাকে শারীরিক ও মানসিকভাবে ব্যস্ত রাখা যায় ততই এসব তার মানসিক বিকাশে ভূমিকা রাখে। তাই মেতে উঠুন সন্তানের সাথে মজার সব খেলায়।

৫। আপনার সন্তানকে চার দেয়ালে বন্দি না রেখে তাকে নিয়ে বেড়াতে যান, নতুন নতুন জায়গা-পরিবেশের সাথে পরিচয় করিয়ে দিন।

৬। নির্দিষ্ট সময় করে শিশুর শরীর ম্যাসেজ করুন প্রতিদিন, এতে শিশুর দেহ আরও বেশি শক্ত-সামর্থ হবে।

৭। শিশুর জন্য বিভিন্ন রকমের রঙ বেরঙের খেলনার ব্যবস্থা করুন, তাকে গান শোনান। শিশুর বয়সের সাথে সামঞ্জস্য রেখে খেলনা বাছাই করুন।

৮। শিশুকে আপনি যা শেখাতে চাইছেন তা বারবার বলুন বা বারবার করুন, এতে শিশু বুঝতে পারবে আপনি কি করতে চাইছেন ও তাকে কি বলতে চাইছেন।

৯। শিশুর সাথে মজায় মেতে উঠুন সবসময়। তাকে হাসিখুশি ও প্রাণবন্ত রাখুন যতটা সম্ভব।

১০। বারবার শিশুর মস্তিষ্ক উন্নয়ন, দেহের বৃদ্ধি এসব চিন্তা করতে যেয়ে শিশুর অনুভূতির দিকটা ভুলে যাবেন না। মনে রাখবেন তার ও ইচ্ছা-অনিচ্ছা রয়েছে। তাই শিশুর ইচ্ছা, অনিচ্ছার দিকে খেয়াল রাখুন যাতে সে বিরক্ত না হয়ে যায়।

■ অগ্রদূত ডেস্ক





# খেলাধুলা

### SA গেমসে বাংলাদেশ : স্বর্ণজয়ী ৪

অংশগ্রহণকারী অ্যাথলেট : ৩৬২ জন; পুরুষ ২১৮ ও নারী ১৪৪ জন ॥ অংশ নেয়া ক্রীড়া : ২১টি (ট্রায়াথলন বাদে) ॥ উদ্বোধনী মার্চ পাস্টে পতাকা বহনকারী : সাতারু রুবেল রানা ॥ সমাপনী মার্চ পাস্টে পতাকা বহনকারী : ফাতেমা আক্তার পলি ॥ প্রথম পদকজয়ী : মোল্লা সাবিরা সুলতানা; ৪৮ কেজি ওজন শ্রেণির ভারোত্তোলনে ব্রোঞ্জ পদক ॥ প্রথম রূপাজয়ী : রেশমা আক্তার রিনা; ৬০ কেজি ওজন বিভাগে কুস্তিতে ॥ প্রথম স্বর্ণজয়ী : মাবিয়া আক্তার সীমান্ত; ৬৩ কেজি ওজন শ্রেণির ভারোত্তোলনে।

**স্বর্ণজয়ী তিনজন : নাম- মাবিয়া আক্তার সীমান্ত;** ক্রীড়া- ভারোত্তোলন; ইভেন্ট- ৬৩ কেজি ওজন শ্রেণি। **নাম- মাহফুজা খাতুন;** শিলা ক্রীড়া- সাঁতার; ইভেন্ট- ৫০ ও ১০০ মিটার ব্রেস্ট স্ট্রোক। **নাম- শাকিল আহমেদ;** ক্রীড়া- শ্যুটিং; ইভেন্ট- ৫০ মিটার পিস্তল।

- মাহফুজা খাতুন শিলা বাংলাদেশের প্রথম নারী ক্রীড়াবিদ হিসেবে একই গেমসে ২টি স্বর্ণপদক লাভ করেন।

### বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০১৫

২০১০ সালে প্রথমবারের মতো শুরু হয় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট। এরপর ২০১১ সালে শুরু হয় বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট। সে হিসেবে ২০১৫ সালে এ প্রতিযোগিতার আয়োজন ছিল পঞ্চম ও ষষ্ঠবারের মতো। এবারের আসরে বঙ্গবন্ধু গোল্ডকাপে ৬৩,৫০৯টি ও বঙ্গমাতা গোল্ডকাপে ৬৩,৪৩১টি প্রাথমিক বিদ্যালয় অংশগ্রহণ করে। সংখ্যার দিক দিয়ে বিবেচনা করলে এ টুর্নামেন্টে দুটি ছিল বিশ্বের সর্ববৃহৎ ফুটবল টুর্নামেন্ট। ১৬ ফেব্রুয়ারি ২০১৬ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে টুর্নামেন্ট দুটির ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

### অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট ২০১৬

২২ জানুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারি সময়কাল ধরে ১১তম এই আসরের আয়োজন করে বাংলাদেশ। অংশগ্রহণকারী দল ছিল : ১৬টি ॥ সেঞ্চুরি : ১১টি ॥ অর্ধশত : ৬৪টি ॥ হ্যাটট্রিক : ২টি ॥ সর্বাধিক রান সংগ্রহকারী : জ্যাক বার্নহাম (ইংল্যান্ড); ৪২০ রান ॥ সর্বাধিক উইকেট সংগ্রহকারী : ফ্রিৎজ কোয়েতজি (নামিবিয়া); ১৫টি ॥

**বাংলাদেশের পক্ষে সবচেয়ে বেশি রান :** নাজমুল হোসেন শান্ত; ২৫৯ ॥ উইকেট : সাইফউদ্দিন; ১৩টি ॥ প্লেয়ার অব দ্য সিরিজ : মেহেদি হাসান মিরাজ (বাংলাদেশ)।

### রেকর্ড

১ ফেব্রুয়ারি ২০১৬ দ্রুততম হাফ সেঞ্চুরি করেন ভারতের ঋষভ পান্থ; বিপক্ষ নেপাল। যা যুব ওয়ানডে'র ইতিহাসে দ্রুততম হাফ সেঞ্চুরির রেকর্ড। মাত্র ১৮ বলে তিনি এ হাফ সেঞ্চুরি করেন ॥ ২২ জানুয়ারি ২০১৬ যুব বিশ্বকাপের ইতিহাসে যে কোনো উইকেটে সর্বোচ্চ ৩০৩ রানের জুটি গড়েন ইংল্যান্ডের ড্যান লরেন্স ও জ্যাক বার্নহাম; বিপক্ষ ফিজি। দ্বাদশ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে ২০১৮ সালে নিউজিল্যান্ডে।

### হায়দ্রাবাদে মুস্তাফিজ

বাংলাদেশের বিস্ময় পেসার মুস্তাফিজুর রহমান ৯ এপ্রিল-২৯ মে ২০১৬ অনুষ্ঠিতব্য নবম ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (IPL) খেলবেন সানরাইজার্স হায়দ্রাবাদের হয়ে। ৬ ফেব্রুয়ারি ২০১৬ নবম আইপিএলের প্রথম দিনের নিলামে বিক্রি মূল্যের তিন গুণ বেশি দামে মুস্তাফিজকে দলে নেয় হায়দ্রাবাদে। ১ কোটি ৪০ লাখ রুপি বা ১ কোটি ৬৩ লাখ টাকা খরচ করে বাম হাতি এ পেসারকে দলে টানে তারা। নিলামে মুস্তাফিজের ভিত্তিমূল্যে ছিল ৫০ লাখ রুপি বা ৫৮ লাখ টাকা। মাশরাফি বিন মুর্তজা, সাকিব আল হাসান, মোহাম্মদ আশরাফুল, তামিম ইকবাল ও আবদুর রাজ্জাকের পর ষষ্ঠ বাংলাদেশি হিসেবে আইপিএলে খেলতে যাচ্ছেন মুস্তাফিজুর রহমান।

■ অগ্রদূত ডেস্ক



# তথ্যপ্রযুক্তি


## পাসপোর্ট থাকবে স্মার্টফোনে

পরীক্ষামূলক পর্যায়ে রয়েছে পেপারলেস পাসপোর্টের কাজ। এক দেশ থেকে আরেক দেশে যেতে হলে দরকার হয় পাসপোর্ট-ভিসার। নাগরিকত্বের প্রমাণ পাসপোর্ট। তাই এটি নিয়ে বেশ সাবধানেই থাকতে হয়।

কারণ পাসপোর্ট হারিয়ে যাওয়া মানে ভিনদেশে আপনি পরিচয়হীন। তথ্যপ্রযুক্তির উৎকর্ষের কারণে এখন হাতে লেখা পাসপোর্ট বিলুপ্ত হওয়ার পথে। আমাদের দেশে এখন ব্যবহৃত হয় মেশিন রিডেবল পাসপোর্ট।

এবার আরো নতুন প্রযুক্তি নিয়ে আসছে ব্রিটিশ প্রযুক্তি প্রতিষ্ঠান দো লা রু। তারা ঘোষণা দিয়েছে স্মার্টফোনেই রাখা যাবে পাসপোর্ট। এই প্রযুক্তির নাম দেওয়া হয়েছে পেপারলেস পাসপোর্ট। এ খবর জানিয়েছে ব্রিটিশ দৈনিক দ্য টেলিগ্রাফ।

পেপারলেস পাসপোর্ট প্রযুক্তির মাধ্যমে স্মার্টফোনের মধ্যেই রাখা যাবে পাসপোর্ট। আলাদা করে আর পাসপোর্ট বহন করতে হবে না। স্মার্টফোন দিয়েই বোর্ডিং পাস ও পাসপোর্টের কাজ চালিয়ে নেওয়া যাবে।



দো লা রু প্রতিষ্ঠানের পক্ষে একজন মুখপাত্র দ্য টেলিগ্রাফকে জানিয়েছেন, পেপারলেস পাসপোর্ট প্রযুক্তি নিয়ে আমরা বর্তমানে কাজ করছি। এটি এখনো ধারণা ও গবেষণার পর্যায়ে রয়েছে।

তবে স্মার্টফোনে পাসপোর্ট নিয়ে আসার ক্ষেত্রে যে নিরাপত্তা ঝুঁকি রয়েছে সেটি নিয়ে ওয়াকিবহাল রয়েছেন প্রতিষ্ঠানটির গবেষকরা। গ্রাহকদের নিরাপত্তা নিশ্চিত করেই এ ধরনের প্রযুক্তি নিয়ে আসা হবে বলে জানিয়েছেন ওই মুখপাত্র।

পেপারলেস পাসপোর্ট প্রযুক্তি নিয়ে নিরাপত্তা বিষয়ক প্রতিষ্ঠান প্রুফপয়েন্টের ডেভিড জেভান্স বলেন, স্মার্টফোনে ডিজিটাল পাসপোর্ট রাখার জন্য নতুন হার্ডওয়্যারের প্রয়োজন হবে, স্মার্টফোনে ইলেকট্রনিক পাসপোর্টটি জমা থাকবে আর সেটা এয়ারপোর্ট বা অন্যান্য কাজে ব্যবহার করতে হবে তারহীন প্রযুক্তির মাধ্যমে। বিমানের টিকেট বা বোর্ডিং পাসে কিউআর কোড যেভাবে কাজ করে সেভাবেই স্মার্টফোনে রাখা পাসপোর্ট কাজ করবে।

দো লা রু প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে, কাগজবিহীন বা পেপারলেস পাসপোর্ট এরই মধ্যে গবেষণায় সাফল্য পেয়েছেন তাঁরা। এখন সেটা পরীক্ষামূলক পর্যায়ে রয়েছে।

■ অগ্রদূত ডেস্ক





## চিত্রে স্কাউটিং কার্যক্রম...



সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে নৌ-পরিবহন মন্ত্রী জনাব মো. শাজাহান খান, এমপি



সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে সংসদ সদস্য জনাব মো. টিপু মুন্সী, এমপি



সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান



সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) জনাব মো. শাহ কামাল



উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন) জনাব মো. মহসিন



সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, শরিয়তপুর জনাব মাহমুদুল হোসাইন খান



উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের নির্বাহী পরিচালক জনাব মো. মজিবর রহমান মান্নান



উদ্বোধনী অনুষ্ঠানে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জাজিরা জনাব মোবারক আলী সিকদার

## চিত্রে স্কাউটিং কার্যক্রম...

৩য় ওয়ার্কক্যাম্প, সিজেকে-বি


সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের একাংশ


সিজেকে-বি ৩য় ওয়ার্ক ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে রোভার স্কাউটের একাংশ


সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে অংশগ্রহণকারীদের এমওপি-তে অংশগ্রহণ


সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে হাউজ টু হাউজ কার্যক্রমে অংশগ্রহণ নিতে যাচ্ছে


সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে হাউজ টু হাউজ কার্যক্রমে মালামাল বিতরণ করছে


সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে হাউজ টু হাউজ কার্যক্রমে অংশগ্রহণ


সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে স্যানিটারী ল্যাট্রিন বিতরণ করছে


সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে হাউজ টু হাউজ কার্যক্রমে মালামাল বিতরণ করছে



## চিত্রে স্কাউটিং কার্যক্রম...

৩য় ওয়ার্কক্যাম্প, সিজেকে-বি


অংশগ্রহণকারীদের উপহার দিচ্ছেন বাংলাদেশ স্কাউটসের সভাপতি জনাব মো. আবুল কালাম আজাদ


কোরিয়ান নাইটের প্রধান অতিথি বাংলাদেশ স্কাউটসের সহ সভাপতি জনাব মো. হুমায়ুন খালিদকে স্মারক প্রদান করা হচ্ছে


উপজেলা চেয়ারম্যানকে উপহার দিচ্ছেন বাংলাদেশ স্কাউটসের সভাপতি জনাব মো. আবুল কালাম আজাদ


আন্তর্জাতিক নাইটে অংশগ্রহণকারীদের


জাপান নাইটে অংশগ্রহণকারীগণ


বাংলাদেশ নাইটে অংশগ্রহণকারীগণ


কোরিয়ান নাইটে অংশগ্রহণকারীগণ


তাইওয়ান নাইটে অংশগ্রহণকারীগণ

# চিত্রে স্কাউটিং কার্যক্রম...

৩য় ওয়ার্কক্যাম্প, সিজেকে-বি



সিজেকে-বি প্রকল্পের ৩য় ওয়ার্কক্যাম্পে অংশগ্রহণকারী রোভার স্কাউট ও কর্মকর্তাগণের সাথে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান ও জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) জনাব মো. শাহ কামাল



অংশগ্রহণকারী রোভারদের খেলায় অংশগ্রহণ



সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে টিউবওয়েল স্থাপনের দৃশ্য



সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে বুথ ডেমোনেস্ট্রেশন



সিজেকে-বি এর ৩য় ওয়ার্কক্যাম্পে বুথ ডেমোনেস্ট্রেশন



# চিত্রে স্কাউটিং কার্যক্রম...

আন্তর্জাতিক নারী দিবসের আলোচনা সভা



আলোচনা সভায় বক্তব্য রাখছেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ড: মো. মোজাম্মেল হক খান



সভাপতির বক্তব্য রাখছেন বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) ও সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় জনাব সুরাইয়া বেগম, এনডিসি



আলোচনা সভায় বক্তব্য রাখছেন বাংলাদেশ স্কাউটসের সহ সভাপতি ও সচিব, শিক্ষা মন্ত্রণালয় জনাব মো. সোহরাব হোসাইন



জনাব মো. সোহরাব হোসাইনকে স্মারক শুভেচ্ছা দিচ্ছেন জনাব সুরাইয়া বেগম,এনডিসি



আলোচনা সভায় দর্শকদের একাংশ



আলোচনা সভায় প্রধান জাতীয় কমিশনার, জাতীয় কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), সহ-সভাপতি, নির্বাহী পরিচালক, জাতীয় উপ-কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং) ও উপ-পরিচালক (গার্ল-ইন-স্কাউটিং)



# ন্যাশনাল স্ট্র্যাটেজিক কর্মশালা




কর্মশালায় অংশগ্রহণকারীদের সাথে মতবিনিময় করছেন প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান




কর্মশালার কর্মকর্তা ও অংশগ্রহণকারীদের মাঝে সহ সভাপতি বাংলাদেশ স্কাউটস জনাব মো. হুমায়ূন খালিদ




উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সহ সভাপতি বাংলাদেশ স্কাউটস জনাব মো. হুমায়ূন খালিদ




কর্মশালায় অংশগ্রহণকারী গার্ল ইন স্কাউট লিডারগণ



অংশগ্রহণকারীদের একাংশ



অংশগ্রহণকারীদের একাংশ



# চিত্রে স্কাউটিং কার্যক্রম...





সমাপনী অনুষ্ঠানের অতিথিদের সাথে অংশগ্রহণকারীগণ




প্রশিক্ষকগণের সাথে অংশগ্রহণকারীরা




সেশন পরিচালনা করছেন জনাব সুকান্ত গুপ্ত অলক, বার্তা প্রধান দেশ টিভি



দেশ টিভি'র পক্ষ থেকে অংশগ্রহণকারীদের উপহার দেয়া হচ্ছে



দেশ টিভি'র নিউজ রুম পরিদর্শন করছেন অংশগ্রহণকারীগণ



অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করছেন জাতীয় কমিশনার (প্রোগ্রাম)



সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (প্রকল্প) জনাব মো. মাহমুদুল হক



দেশ টিভি'র কার্যক্রম পরিদর্শন করছেন অংশগ্রহণকারীগণ



মহান স্বাধীনতা দিবসের মার্চপাস্টে রোভার স্কাউটরা



মহান স্বাধীনতা দিবসের মার্চপাস্টে গার্ল ইন নৌ রোভার স্কাউটরা



মহান স্বাধীনতা দিবসে ডিসপ্লে প্রদর্শন করছে স্কাউটরা



মহান স্বাধীনতা দিবসে ডিসপ্লে প্রদর্শন করছে গার্ল ইন স্কাউটরা



মহান স্বাধীনতা দিবসে স্কাউটদের শ্রদ্ধাঞ্জলি



বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে দায়িত্ব পালনে স্মারক গ্রহণ করছে রোভার কর্মকর্তাগণ



মহান স্বাধীনতা দিবসে স্কাউটদের শ্রদ্ধাঞ্জলি



মহান স্বাধীনতা দিবসের মার্চপাস্টে স্কাউটরা





# সাম্প্রতিক দেশ-বিদেশের সংক্ষিপ্ত খবর

## দেশ

**০১.০২.২০১৬ ॥ সোমবার**
- মাসব্যাপী অমর একুশে গ্রন্থমেলা ২০১৬ শুরু হয়।
- সারাদেশে শুরু হয় এসএসসি ও সমমানের পরীক্ষা ২০১৬।
- মন্ত্রিসভার বৈঠকে 'বাংলাদেশ নাগরিকত্ব আইন ২০১৬-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদিত হয়।

**০৮.০২.২০১৬ ॥ সোমবার**
- বাংলাদেশ থেকে ভারতে আনুষ্ঠিকভাবে ব্যান্ডউইথ রপ্তানি শুরু হয়।

**১০.০২.২০১৬ ॥ বুধবার**
- ৩৬তম বিসিএস প্রিলিমিনারি (বাছাই) পরীক্ষার ফল প্রকাশ হয়।

**১২.০২.২০১৬ ॥ শুক্রবার**
- রাঙামাটিসহ ছয় জেলায় শুরু হয় মিয়ানমারের নাগরিক (রোহিঙ্গা) গণনা।

**১৪.০২.২০১৬ ॥ রবিবার**
- সৌদি আরব ও বাংলাদেশ সরকারের মধ্যে ২০১৬ সালের হজ্ব চুক্তি স্বাক্ষরিত হয়।

**১৫.০২.২০১৬ ॥ সোমবার**
- তিন বছর মেয়াদি 'আমদানি নীতি আদেশ ২০১৫-১৮' জারি হয়।

**১৬.০২.২০১৬ ॥ মঙ্গলবার**
- ঢাকা মহানগর পুলিশ (DMP)-এর নতুন ইউনিট 'কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্স ন্যাশনাল ক্রাইম'(CTTC)-এর কার্যক্রম শুরু হয়।

**১৮.০২.২০১৬ ॥ বৃহস্পতিবার**
- দ্বিতীয় ধাপের ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।
- পঞ্চগড়ের বাংলাবান্ধা স্থলবন্দরের ইমিগ্রেশন কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়।

**১৯.০২.২০১৬ ॥ শুক্রবার**
- ফতুল্লার খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামে বাছাই পর্ব দিয়ে ত্রয়োদশ এশিয়া কাপ শুরু হয়।

**২০.০২.২০১৬ ॥ শনিবার**
- ট্রেনে নতুন ভাড়া কার্যকর হয়।
- ২০১৬ সালের একুশে পদক প্রদান করা হয়।

**২১.০২.২০১৬ ॥ রবিবার**
- মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়।

**২৮.০২.২০১৬ ॥ রবিবার**
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা অর্থনৈতিক অঞ্চলের উদ্বোধন করেন।

## বিদেশ

**০১.০২.২০১৬ ॥ সোমবার**
- মিয়ানমারে নতুন পার্লামেন্টের যাত্রা শুরু হয়।

**০৩.০২.২০১৬ ॥ বুধবার**
- ভারত-ব্রুনাই সামরিক চুক্তি স্বাক্ষরিত হয়।
- প্রেসিডেন্ট হিসেবে দুই মেয়াদে সাত বছরের মাথায় প্রথমবারের মতো কোনো মসজিদ পরিদর্শনে যান মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।

**০৪.০২.২০১৬ ॥ বৃহস্পতিবার**
- ইউরোপে প্রথম জিকা ভাইরাস আক্রান্ত রোগীর খোঁজ পাওয়া যায় স্পেনে।
- যুক্তরাষ্ট্রের উদ্যোগে প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১২টি দেশের মধ্যে উচ্চাভিলাষী ট্রান্সপ্যাসিফিক পার্টনারশিপ (TPP) চুক্তি স্বাক্ষরিত হয়।

**০৫.০২.২০১৬ ॥ শুক্রবার**
- তিন বছর ধরে ভয়াবহ খরায় আক্রান্ত আফ্রিকার দেশ জিম্বাবুয়েতে 'জাতীয় দুর্যোগ' ঘোষণা করে দেশটির প্রেসিডেন্ট রবার্ট মুগাবে।

**০৭.০২.২০১৬ ॥ রবিবার**
- মহাশূন্যে দূরপাল্লার রকেট উৎক্ষেপণ করে উত্তর কোরিয়া।

**১১.০২.২০১৬ ॥ বৃহস্পতিবার**
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগে রাইন হোল্ড হানিং নামের ৯৩ বছর বয়সী এক ব্যক্তির বিচার শুরু হয়।

**১৬.০২.২০১৬ ॥ মঙ্গলবার**
- দীর্ঘ ৫৫ বছরেরও বেশি সময় পর যুক্তরাষ্ট্র ও কিউবার মধ্যে বাণিজ্যিক বিমান চলাচলের লক্ষ্যে দু'দেশের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়।
- ১২তম এসএ গেমস সমাপ্ত।

**১৮.০২.২০১৬ ॥ বৃহস্পতিবার**
- উত্তর কোরিয়ার বিরুদ্ধে সম্প্রসারিত নতুন নিষেধাজ্ঞায় স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা।

**১৯.০২.২০১৬ ॥ শুক্রবার**
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দ্বিতীয় মেয়াদে পুনর্নির্বাচিত হন ফ্রান্সের সাবেক অর্থমন্ত্রী ক্রিস্টিনা লাগার্দ।

**২২.০২.২০১৬ ॥ সোমবার**
- যুক্তরাষ্ট্রের ডাক বিভাগ 'একুশের স্মারকযুক্ত সিলমোহর' চালু করে।

**২৩.০২.২০১৬ ॥ মঙ্গলবার**
- পাকিস্তানে সৌরশক্তি চালিত বিশ্বের প্রথম পার্লামেন্ট ভবনের উদ্বোধন হয়।

**২৭.০২.২০১৬ ॥ শনিবার**
- সিরিয়ায় পাঁচ বছরের মধ্যে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্র ও রাশিয়ায় প্রস্তাবিত 'সাময়িক' যুদ্ধবিরতি কার্যকর হয়।

**২৯.০২.২০১৬ ॥ সোমবার**
- দীর্ঘ তিন দশক পর যুক্তরাজ্যের 'দ্য নিউ ডেইলি' নামে নতুন একটি পত্রিকা প্রকাশিত হয়।

■ সংকলক: তৌফিকা তাহসিন
রেড এন্ড গ্রীণ ওপেন স্কাউট গ্রুপ, ঢাকা

## জাতিসংঘ প্যানেলে শেখ হাসিনা

৭ ফেব্রুয়ারি ২০১৬ জাতিসংঘ মহাসচিব বান কি মুন জাতিসংঘ 'ইউনাইটেড নেশনস হাই লেভেল প্যানেল অন ওয়াটার' নামের প্যানেলে সদস্য হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম রাখার প্রস্তাব করেন। প্রধানমন্ত্রী এ প্রস্তাবে সম্মতি জানান।

## WFP'র নির্বাহী সদস্য

তিন বছরের (২০১৬-১৮) জন্য জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)-এর নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয় বাংলাদেশ। ২ ফেব্রুয়ারি ২০১৬ জাতিসংঘ সদর দপ্তরে ভোটের মাধ্যমে সংস্থাটির সদস্য রাষ্ট্রসমূহ সর্বসম্মতিক্রমে বাংলাদেশকে এ পদে নির্বাচিত করে।

## মার্কিন প্রেসিডেন্ট পদক লাভ

বিজ্ঞান এবং প্রকৌশল বিষয়ে উদ্ভাবন এবং গবেষণায় বিশেষ কৃতিত্ব প্রদর্শনকারী তরুণ বিজ্ঞানীদের জন্য যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ সম্মানজনক পুরস্কার হলো Presidential Early Career Awards for Scientists and Engineers। এ পুরস্কার তাঁদেরই দেয়া হয়, যাঁরা যুক্তরাষ্ট্রে বিভিন্ন জায়গায় পেশা শুরুর প্রাথমিক পর্যায়েই মার্কিন অর্থনীতিকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে বা বড় বড় চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ অবদান রাখতে সক্ষম হন। ১৯৯৬ সালে তৎকালীন প্রেসিডেন্ট বিল ক্লিনটন ২৫-৪০ বছর বয়সীদের জন্য এ পুরস্কার প্রর্বতন করেন। ২০১৬ সালে মোট ১০৫ জনকে এ পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়। এর মধ্যে একমাত্র বাংলাদেশি হিসেবে এ পুরস্কার লাভ করেন অধ্যাপক সাইফ সালাহউদ্দিন। শরীয়তপুরের সন্তান এবং বর্তমানে ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়ার বার্কলে-তে অধ্যাপনারত ড. সাঈফ কম্পিউটারের জন্য লো এনার্জির মাইক্রো প্রসেসর তৈরির কাজে বিশেষ অবদানের জন্য এ পুরস্কার লাভ করেন।

## জাতিসংঘ মহাসচিবের উপদেষ্টা পরিষদের সদস্য

Every Woman Every Child আন্দোলনের জন্য সম্প্রতি গঠিত হয় জাতিসংঘের নারী, শিশু ও কিশোর স্বাস্থ্য-বিষয়ক একটি উচ্চপর্যায়ের উপদেষ্টা পরিষদ। গঠনের পর জাতিসংঘ মহাসচিব বান কি মুন সুইজারল্যান্ডের দাভোসে এ উপদেষ্টা পরিষদের সদস্যদের নাম ঘোষণা করেন। এ পরিষদের অন্যতম সদস্য হিসেবে নির্বাচিত হন ইন্টারপার্লামেন্টারি ইউনিয়ন (IPU)-এর প্রেসিডেন্ট সাবের হোসেন চৌধুরী। এর কো-চেয়ার হিসেবে দায়িত্ব পালন করবেন চিলির প্রেসিডেন্ট মিশেল ব্যাশলেট ও ইথিওপিয়ার প্রধানমন্ত্রী হাইলেমারিয়াম ডেসালেন।

## সুইজারল্যান্ডের নির্বাচনে বাংলাদেশি

সুইজারল্যান্ডের ইতিহাসে প্রথম কোনো বাংলাদেশি বংশোদ্ভূত প্রার্থী দেশটির প্রাদেশিক পরিষদ নির্বাচনে প্রার্থী হচ্ছেন। তার নাম ইমাম আহমেদ। তিনি সুইজারল্যান্ডের বাসেল প্রদেশের প্রাদেশিক পরিষদ নির্বাচনে সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি থেকে প্রার্থী হন। ১০০ আসনের এ প্রাদেশিক পরিষদ নির্বাচন ১৬ অক্টোবর ২০১৬ সালে অনুষ্ঠিত হবে। দেশটির এ ধরনের নির্বাচনে তিনিই প্রথম কোনো বাংলাদেশি বংশোদ্ভূত প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

## জাতিসংঘের শুভেচ্ছা দূত

২৫ ফেব্রুয়ারি ২০১৬ জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)-এর ক্রীড়া শুভেচ্ছা দূত হিসেবে নিয়োগ পান বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওয়ানডে ও টি২০ অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা। তিনি প্রথম বাংলাদেশি হিসেবে UNDP'র শুভেচ্ছা দূত নিযুক্ত হন।

## নতুন অমেরুদণ্ডী প্রাণি Nephtys bangladeshi

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মৎস্য ও সমুদ্র বিজ্ঞান বিভাগের শিক্ষক ড. মোহাম্মদ বেলাল হোসেন এবং অস্ট্রেলিয়ান মিউজিয়ামের পলিকীট বিজ্ঞানী ড. প্যাট হ্যাচিংস দেশের উপকূলীয় এলাকা নোয়াখালীতে একটি নতুন প্রজাতির অমেরুদণ্ডী প্রাণির সন্ধান পান। ১০ ফেব্রুয়ারি ২০১৬ নিউজিল্যান্ড থেকে প্রকশিত আন্তর্জাতিক Taxonomic জার্নাল Zootaxa-তে Nephtys bangladeshi n.sp., a new species of Nephytidae (Annelida. Phyllodocida) from Bangladesh Coastal Waters শিরোনামে একটি গবেষণা প্রতিবেদন প্রকাশিত হয়। একই দিনে বিশ্ব স্বীকৃত ডাটাবেইজ Zoobank sfsdl WORMS (World Register for Marine Species)-এ অন্তর্ভুক্ত হওয়ার মাধ্যমে প্রজাতিটি নতুন হিসেবে আন্তর্জাতিক স্বীকৃত লাভ করে। এ পর্যন্ত পৃথিবীতে প্রায় ১০ হাজার প্রজাতির পলিকীট আবিষ্কৃত হয়েছে। কিন্তু বাংলাদেশে পাওয়া যায় মাত্র ২৯ প্রজাতির পলিকীট। সন্ধান পাওয়া নতুন অমেরুদণ্ডী প্রাণিটির নাম দেওয়া হয় Nephtys bangladeshi ।

## নতুন রোগ ল্যাপ্টোস্পাইরোসিস

বাংলাদেশে 'ল্যাপ্টোস্পাইরোসিস' নামে খাদ্যবাহিত একটি নতুন রোগ শনাক্ত করা হয়েছে। ইঁদুর, গবাদিপশু, কুকুর-বাদুরের মূত্র থেকে ল্যাপ্টোস্পাইরোসিস নামে স্বল্প পরিচিত এ রোগটি ছড়ায়। তবে ইঁদুরের মূত্র থেকে এ রোগ বেশি ছড়ায়। ইঁদুরের মূত্র পানিতে মিশে তা মানুষের শরীরে প্রবেশ করলে 'ল্যাপ্টোস্পাইরোসিস' রোগ হয়। মূলত বর্ষাকালে এ রোগ বেশি ছড়ায়। কোনো কোনো ক্ষেত্রে এ রোগে মৃত্যুর ঝুঁকি সত্তর শতাংশ পর্যন্ত হয়ে থাকে। এ রোগের উপসর্গগুলোর মধ্যে প্রাথমিকভাবে জ্বর, সর্দি, কাশি, শরীর ব্যথা, চোখ লাল, বমি, জন্ডিসের মতো সমস্যা দেখা যায়।

■ অগ্রদূত ডেস্ক





## ক্যান্সার পূর্বাভাসের যন্ত্র উদ্ভবন

ক্যান্সার পূর্বাভাসের যন্ত্র উদ্ভাবন করেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব টেক্সাস এট আর্লিংটনের ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক পাকিস্তানি সামির ইকবাল। গোড়ার দিকেই ক্যান্সার শনাক্ত করবে এ যন্ত্রটি। মহামারী রোগ শনাক্ত করার এ যন্ত্র উদ্ভাবনকে চিকিৎসা বিজ্ঞানে বড় ধরনের বিপ্লব আখ্যা দেয়া হচ্ছে। সম্প্রতি ন্যাচার সায়েন্টিস্ট রিপোর্টে এ তথ্য তুলে ধরা হয়। নব উদ্ভাবিত এ যন্ত্র সেলের বর্তমান আচরণ নির্ণয় এবং দেহের টিস্যুর স্তর ব্যাপ্তি অনুসরণ করবে। এছাড়া অনুরূপ টিস্যু সৃষ্টি করবে।

## ক্যান্সার নিরাময়ের ওষুধ আবিষ্কৃত

সম্প্রতি ইমিউন থেরাপি বা টি-সেল থেরাপির মাধ্যমে ব্লাড ক্যান্সারের চিকিৎসায় অভূতপূর্ব সাফল্যের দাবি করেন যুক্তরাষ্ট্রের একদল ক্যান্সার বিশেষজ্ঞ। প্রাথমিক পরীক্ষায় এ প্রযুক্তি ব্যবহারে অর্ধেকের বেশি ব্লাড ক্যান্সার আক্রান্ত রোগীর সম্পূর্ণ উপশম সম্ভব হয়েছে। এ থেরাপির মাধ্যমে রোগীর নিজস্ব ইমিউন সেল (প্রতিরোধী কোষ) ব্যবহার করে ক্যান্সারের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা হয়।

## সবচেয়ে বেশি আঙুলওয়ালা মানুষ

বিশ্বের সবচেয়ে বেশি আঙুলওয়ালা মানুষ হিসেবে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লিখিয়েছেন ভারতের দেবেন্দ্র সুতার নামের এক ব্যক্তি। তার হাত-পায়ে ২৮টি আঙুল। এ বিষয়টি ২০১৫ সালে নিশ্চিত করেন গুজরাটের হিমতনগরের একজন চিকিৎসক। সবচেয়ে বেশি আঙুল থাকার এর আগের রেকর্ডটিও ছিল ভারতের। ২০১০ সালে ভারতের উত্তর প্রদেশে হাতে ও পায়ে ৩৪টি আঙুল নিয়ে জন্ম নেয় একটি শিশু। তার রেকর্ডটিও গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে অন্তর্ভুক্ত হয়েছিল। তার প্রত্যেক হাতে ছিল ৭টি করে আর প্রত্যেক পায়ে ছিল ১০টি করে আঙুল। তবে তার অতিরিক্ত আঙুলগুলো পরে সার্জারির মাধ্যমে কেটে ফেলা হয়। এর আগেও চীনের একটি শিশুর দুই হাতে ১৫টি আর দুই পায়ে ১৬টি আঙুল ছিল। তারও অতিরিক্ত আঙুল সার্জারির মাধ্যমে কেটে ফেলা হয়।

## সর্ববৃহৎ সৌরজগতের সন্ধান

জ্যোর্তিবিজ্ঞানীরা নতুন একটি সৌরজগৎ আবিষ্কার করেছেন, যা এ যাবৎ আবিষ্কৃত সৌরজগতগুলোর মধ্যে সর্ববৃহৎ। নব আবিষ্কৃত এ সৌরজগৎটি এক গ্রহবিশিষ্ট। সৌরজগৎটি এত বড় যে, এর কেন্দ্রীয় নক্ষত্রের চারপাশে প্রদক্ষিণ করতে সৌরজগৎটির একমাত্র গ্রহের সময় লাগে ১০ লাখ বছর। নতুন সৌরজগতের নক্ষত্র থেকে কক্ষপথের দূরত্ব ১০,০০০ কোটি কিলোমিটার। এর কক্ষপথ সূর্যের চারপাশে প্লুটোর কক্ষপথের চেয়ে ১৪০ গুণ প্রস্থ। পৃথিবী থেকে এ সৌরজগতের দূরত্ব প্রায় ১০০ আলোকবর্ষ। নতুন আবিষ্কৃত সৌর কাঠামো প্রদক্ষিণশীল গ্যাসীয় এ গ্রহটির নামকরণ করা হয়েছে 2MASS J2126-8140। এ গ্রহটি আমাদের সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ বৃহস্পতির চেয়ে ও ১২-১৫ গুণ বড়।

## প্রথম রোবটচালিত সবজি খামার

জাপানে তৈরি করা হচ্ছে বিশ্বের প্রথম রোবটচালিত স্বয়ংক্রিয় সবজি খামার। এখানে জমিতে হাল দেয়া, বীজ বপন, সার ও পানি দেয়া থেকে ফসল তোলা পর্যন্ত প্রায় সব কাজই করবে রোবট। কিয়োটোভিত্তিক খামার 'স্প্রেড' ১ ফেব্রুয়ারি ২০১৬ শিগগিরই এ খামার চালু করা হবে বলে ঘোষণা দেয়। আগামী ২০১৭ সাল থেকে বিশ্বের প্রথম এ ইনডোর খামারে উৎপাদন শুরু হবে। এ খামার থেকে প্রাথমিকভাবে প্রতিদিন ৩০ হাজার লেটুস পাতা পাওয়া যাবে। ৪,৪০০ বর্গমিটার বা ৪৭,৩০০ বর্গফুট আয়তনের এ ইনডোর খামারের মেঝে থেকে সিলিং পর্যন্ত অনেক তাক রয়েছে। আর এ তাকের ওপরেই ফসল ফলানোর ব্যবস্থা করা হয়েছে।

## সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ প্ল্যান্ট

৪ ফেব্রুয়ারি ২০১৬ সাহারা মরুভূমি প্রান্তে মরক্কোর ওউরাজাজাতে শহরের প্রায় ২০ কিলোমিটার দূরে বিশ্বের সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ প্লান্টের প্রথম ধাপের উদ্বোধন করা হয়। 'নূর' নামের এ বিদ্যুৎ প্লান্টের প্রথম ধাপের কাজ শুরু হয় ২০১৩ সালে। বিশ্বের সর্ববৃহৎ এ সৌরবিদ্যুৎ প্লান্টটিতে বসানো হয় প্রায় পাঁচ লাখ সৌর আয়না, যা মহাশূন্যে থেকেও দেখা যায়। এ সৌরবিদ্যুৎ প্লান্টের তিন ধাপের কাজ শেষ হবে ২০১৮ সাল নাগাদ। মরক্কোর ১১ লাখ মানুষের চাহিদা অনুযায়ী ৫৮০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ হবে এ প্লান্ট থেকে। এ প্লান্টের কারণে প্রতি বছর সাত লাখ ৬০ হাজার টন কার্বন নি:সরণ কমানো সম্ভব হবে।


## তেলাপোকা রোবট

ভূমিকম্পের পর উদ্ধার অভিযানে সহায়তা করার জন্য তেলাপোকা আকৃতির রোবট তৈরি করেন মার্কিন বিজ্ঞানীরা। এটির আকার এক ইঞ্চির ১০ ভাগের এক ভাগ। পোকামাকড়ের মতোই যে কোনো ধ্বংসস্তূপ বা আবর্জনার ভেতর দিয়ে যাতায়াত করতে পারবে এ রোবট। ফলে টর্নেডো, ভূমিকম্প বা বিস্ফোরণের ধ্বংসস্তূপের মধ্যে সহজেই এটি প্রবেশ করে ধসেপড়া বাড়িগুলোর অলিগলিতে গিয়ে ক্যামেরায় ছবি পাঠাতে পারবে।

■ তথ্য সংগ্রাহক: সালেহীন সিরাত



**জান্নাতি আক্তার লিলি**
ক্যামব্রিয়ান স্কুল এ্যান্ড কলেজ
ঢাকা






**সপ্তর্ষি রহমান**
হিড ইন্টারন্যাশনাল স্কুল
মিরপুর, ঢাকা









## প্রয়াত স্কাউটার আব্দুর রহিম ও চৌধুরী নাঈম ফিরোজ স্মরণে দোয়া মাহফিল



*দোয়া মাহফিলে বি-এটাস এর উপস্থিত কর্মকর্তাগণ এর মাঝে বক্তব্য দেন জনাব আফজাল হোসেন*

৫ মার্চ, ২০১৬ তারিখে শামস হল, স্কাউট ভবনে বি-এটাস এর উদ্যোগে প্রয়াত স্কাউটার আব্দুর রহিম ও চৌধুরী নাঈম ফিরোজ এর স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. হাবিবুল আলম, বীর প্রতীক, সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউস। মরহুমদ্বয়ের স্কাউটিং এ অবদান সম্পর্কে আলোচনা করেন জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার(প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, জনাব আফজাল হোসেন, সহযোজিত সদস্য, জাতীয় নির্বাহী কমিটি, বাংলাদেশ স্কাউটস, কাজী এমদাদ হোসেন, পিআরএস, জনাব মোহাম্মদ কামাল উদ্দিন, প্রাক্তন জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, জনাব ফরিদা ইয়াসমিন, জাতীয় উপ কমিশনার(প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠান পরিচালনা করেন জনাব এম এম ফজলুল হক, জাতীয় উপ কমিশনার(স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস। আলোচনা শেষে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে বাংলাদেশ স্কাউটস এর সভাপতি জনাব মো. আবুল কালাম আজাদ অংশগ্রহণ করেন।

## জাতীয় কমিশনার ও জাতীয় উপ কমিশনারগণের সমন্বয় সভা

বাংলাদেশ স্কাউটস এর শামস হলে ৮ মার্চ, ২০১৬ তারিখে জাতীয় কমিশনার ও জাতীয় উপ কমিশনারগণের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ড: মো. মোজাম্মেল হক খান সভাপতিত্ব করেন। সভায় বাংলাদেশ স্কাউটস এর ভূ সম্পত্তি বিভাগ, আইন ও বিধি বিভাগ, স্কাউট



*সমন্বয় সভায় প্রধান জাতীয় কমিশনার (বামে), জাতীয় কমিশনার (আন্তর্জাতিক) ও জাতীয় কমিশনার (প্রোগ্রাম)*

শপ এবং স্পেশাল ইভেন্টস বিভাগের বিগত সময়ের কার্যক্রম মূল্যায়ন ও আগামী জুন ,২০১৬ মাস পর্যন্ত কর্ম পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হয়।

## প্রোগ্রাম মূল্যায়ন সভা

বাংলাদেশ স্কাউটস এর প্রোগ্রাম বিভাগের উদ্যোগে শামস হলে ৯ মার্চ, ২০১৬ তারিখে প্রোগ্রাম মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় কমিশনার(প্রোগ্রাম), নির্বাহী পরিচালক, যুগ্ম নির্বাহী পরিচালকদ্বয়, আঞ্চলিক উপ কমিশনার(প্রোগ্রাম), আঞ্চলিক সম্পাদক, আঞ্চলিক পরিচালক ও পদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



*মূল্যায়ন সভায় অংশগ্রহণকারীগণ*

## চতুর্মাসিক সমন্বয় সভা

বাংলাদেশ স্কাউটস এর সংগঠন বিভাগের উদ্যোগে শামস হলে ৯ মার্চ, ২০১৬ তারিখে চতুর্মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় নির্বাহী পরিচালক, যুগ্ম নির্বাহী পরিচালকদ্বয়, আঞ্চলিক পরিচালক ও পদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

■ অগ্রদূত প্রতিবেদন

## ফরিদপুর জেলা পরিদর্শনে জাতীয় কমিশনার (প্রকল্প)



*কর্মকর্তাদের মাঝখানে উপবিষ্ট জাতীয় কমিশনার (প্রকল্প)*

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (প্রজেক্ট) ও যুগ্ম সচিব জনাব মাহমুদুল হক বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জেলা ২ মার্চ পরিদর্শন করেন। পরিদর্শন কালে অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) ও কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জেলা ড. আবু নঈম আবদুছ ছবুর, বিভিন্ন উপজেলার নির্বাহী অফিসারগণ, জেলা রোভারের কমিশনার, সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জোনের সহকারী পরিচালক জনাব মো. হামজার রহমান শামীম ও বিভিন্ন উপজেলা স্কাউটসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। জেলা স্কাউট পরিদর্শনের পর জেলা স্কাউট কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভা করেন। তিনি জেলা ও উপজেলা স্কাউটস এর কার্যক্রম মূল্যায়ন করেন। তিনি কর্মসূচিসমূহ যথাসময়ে এবং অবাস্তবায়িত কর্মসূচি অতিশীঘ্র বাস্তবায়নের অনুরোধ জানান। বিশেষ করে দল খোলার বিষয়ে ও প্রকল্পের হিসাব সমন্বয়ের উপর বিশেষ গুরুত্ব দেন। শাপলা কাব স্কাউট, প্রেসিডেন্ট'স স্কাউট ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট তৈরির উপর গুরুত্ব দেয়ার অনুরোধ করেন। তিনি জেলা স্কাউট এর ভবন দ্বিতল করার জন্য অনুদান প্রদানের আশ্বাস প্রদান করেন। এছাড়া জেলা স্কাউট ভবনের ডিজিটাল সার্ভে করে আধুনিক মাস্টার প্ল্যান তৈরি করে জাতীয় সদর দফতরে প্রেরণের অনুরোধ জানান।

## রাজবাড়ী ও ফরিদপুর জেলা পরিদর্শনে জাতীয় উপ কমিশনার (ভূ-সম্পত্তি)

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ কমিশনার (ভূ-সম্পত্তি) ও সচিব (পিআরএল) জনাব শাহজাহান আলী মোল্লা ০৫ মার্চ রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার শালমারা নিশ্চিন্তপুর উচ্চ বিদ্যালয় স্কাউট দল পরিদর্শন করেন। পরিদর্শন কালে দলের ১২ জন স্কাউট উপস্থিত ছিল। স্কাউট দলের মানোন্নয়নের জন্য অনুরোধ করা হয়। দলে ৩২ জন সদস্য অন্তর্ভুক্ত করাসহ সকল ডকুমেন্ট আপডেট রাখতে বলা হয়। বিকেলে বাংলাদেশ স্কাউটস, রাজবাড়ী জেলার কর্মকর্তাগণের সাথে জাতীয় উপ কমিশনার(ভূ-সম্পত্তি) মহোদয়ের মতবিনিময় সভা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, রাজবাড়ী জেলা জনাব জিনাদ আরা, আতিরিক্ত জেলা প্রশাসকগন, বিভিন্ন উপজেলার নির্বাহী অফিসারগণ, বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জোনের সহকারী পরিচালক জনাব মো. হামজার রহমান শামীম ও বিভিন্ন উপজেলা স্কাউটসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তিনি জেলা ও উপজেলা স্কাউটস এর কার্যক্রম মূল্যায়ন করেন। বাস্তবায়নের হার আশাব্যঞ্জক নয় বলে মন্তব্য করেন। কর্মসূচিসমূহ যথাসময়ে এবং অবাস্তবায়িত কর্মসূচি অতিশীঘ্র বাস্তবায়নের অনুরোধ জানান। শাপলা কাব স্কাউট ও প্রেসিডেন্ট'স স্কাউট তৈরির উপর গুরুত্ব দেয়ার অনুরোধ করেন। জেলা স্কাউট এর ভবন নির্মানের জন্য জায়গার সমস্যা চিহ্নিত করে অতিশীঘ্র ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। মতবিনিময় সভায় জেলা স্কাউটস কর্মকর্তাগণ স্কাউট ও কাব স্কাউট ফি বাড়ানোর কথা বলেন। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ কমিশনার (ভূ-সম্পত্তি) ও সচিব (পিআরএল) জনাব শাহজাহান আলী মোল্লা গত ০৫ মার্চ ফরিদপুর জেলার সদর উপজেলার সরকারি ইয়াসিন কলেজ রোভার দল, চর টেপাখোলা উচ্চ বিদ্যালয় স্কাউট দল ও গার্ল ইন স্কাউট দল, সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ গার্ল ইন রোভার দল, গেরদা এ এফ মুজিবর রহমান মাধ্যমিক বিদ্যালয় স্কাউট দল ও গার্ল ইন স্কাউট দল এবং গেরদা সরকারি প্রাথমিক বিদ্যালয় কাব স্কাউট দল পরিদর্শন করেন। বিকেলে বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জেলার কর্মকর্তাগণের সাথে জাতীয় উপ কমিশনার(ভূ-সম্পত্তি) মহোদয়ের মতবিনিময় সভা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।



*স্কাউটদের মাঝে জাতীয় উপ কমিশনার (ভূ সম্পত্তি) জনাব শাহজাহান আলী মোল্লা*

■ খবর প্রেরক: মো. হামজার রহমান শামীম
সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জোন

## স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স



বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চলের পরিচালনায় কিশোরগঞ্জ জেলা স্কাউটসের ব্যবস্থাপনায় কিশোরগঞ্জ স্কাউট ভবনে ৪৪৫তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত।
কিশোরগঞ্জ স্কাউট ভবনে গতকাল মঙ্গলবার সকালে দিনব্যাপী ৪৪৫তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স উদ্বোধন করেন কিশোরগঞ্জ জেলা স্কাউটস কমিশনার ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মোহাম্মদ ভুইয়া। ৪৪৫তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স লিডার হিসাবে দায়িত্ব পালন করছেন আশরাফুল ইসলাম এলটি।

## জেলা প্রশাসকের বিদায় সংবর্ধনা

বাংলাদেশ স্কাউটস কিশোরগঞ্জ জেলা শাখার পক্ষে জেলা প্রশাসক জি.এস.এম. জাফরউল্লাহ্ বিদায় সংবর্ধনা কিশোরগঞ্জ স্কাউট ভবনে অনুষ্ঠিত হয় । কিশোরগঞ্জ স্কাউট ভবনে রোববার বিকালে জেলা রোভার স্কাউটস কমিশনার রবীন্দ্রনাথ চৌধুরীর সভাপতিত্বে বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদায়ী জেলা প্রশাসক ও সভাপতি বাংলাদেশ স্কাউটস কিশোরগঞ্জ শাখার জি.এস.এম জাফর উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি গোলাম মোহাম্মদ ভুইয়া বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা রোভার স্কাউটসের সম্পাদক শফিকুল ইসলাম, নরসুন্দা মুক্ত স্কাউটস গ্রুপের সম্পাদক ও জেলা স্কাউটস লিডার স্বপন কুমার সরকার, বাংলাদেশ স্কাউটস কিশোরগঞ্জ জেলা শাখার যুগ্ম সম্পাদক হাবিবা আক্তার রিপা, স্কাউটস লিডার চন্দন কুমার সাহা, প্রমুখ। এ সময় অন্যান্যর মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস কিশোরগঞ্জ জেলা শাখার সহকারি পরিচালক মো. আব্দুল্লাহ আল মামুন, জেলা রোভার স্কাউটস গ্রুপের সহকারী কমিশনার সালমা হক, জেলা স্কাউটসের কোষাধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন শাহীন, স্কাউটস লীডার মো. শাহজাহান, নরসুন্দা রোভার স্কাউটস গ্রুপের লিডার শামসুল আলম শাহীন, জেলা রোভার স্কাউটস প্রতিনিধি ও বিভিন্ন কলেজের রোভার স্কাউটস সদস্যবৃন্দরা। বিদায় অনুষ্ঠানটি পরিচালনায় ছিলেন জেলা স্কাউটস সম্পাদক হুমায়ুন কবীর ।

■ খবর প্রেরক: শামসুল আলম শাহীন
কিশোরগঞ্জ প্রতিনিধি

## গফরগাঁও এর মহাতাঁবু জলসা

বাংলাদেশ স্কাউটস, গফরগাঁও উপজেলার ব্যবস্থাপনায় গত ২৪ জানুয়ারি ২০১৬ ইং রোস্তম আলী গোলন্দাজ উচ্চ বিদ্যালয় মাঠ চত্বরে মরহুম আলতাফ হোসেন গোলন্দাজ মেইন এরিনায় বাংলাদেশ স্কাউটস গফরগাঁও উপজেলা স্কাউট সমাবেশের শুভ উদ্বোধন করেন জনাব সিদ্ধার্থ শংকর কুন্ডু উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বাংলাদেশ স্কাউটস, গফরগাঁও উপজেলা। ২৬ জানুয়ারি ২০১৬ মহাতাঁবু জলসায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে আগুন প্রজ্জলনের মাধ্যমে মহাতাঁবু জলসার শুভ উদ্বোধন করেন জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী, জেলা প্রশাসক ময়মনসিংহ ও সভাপতি বাংলাদেশ স্কাউটস ময়মনসিংহ জেলা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আশরাফ উদ্দিন বাদল, চেয়ারম্যান গফরগাঁও উপজেলা পরিষদ, আলহাজ্জ এস এম ইকবাল হোসেন (সুমন) নব নির্বাচিত মেয়র পৌরসভা, গফরগাঁও, জনাব মনিরুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান, জনাব রেশমা আক্তার উপজেলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, জনাব শেখ শামছুল আরেফীন, সহকারী কমিশনার (ভূমি) গফরগাঁও, ময়মনসিংহ, জনাব তোফাজ্জল হোসেন, অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা। জনাব মো. বেলায়েত হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার। জনাব মো. আনোয়ার ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।

■ খবর প্রেরক: মো. আবদুল মতিন
সম্পাদক, গফরগাঁও ওপেন স্কাউট গ্রুপ, ময়মনসিংহ

## ৮১ তম স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স




বাংলাদেশ স্কাউটস কুমিলা অঞ্চলের ব্যবস্থাপনায় বাংলাদেশ স্কাউটস চাটখিল উপজেলার উদ্যোগে গত ০৯ থেকে ১৩ মার্চ ২০১৬ চাটখিল ভীমপুর উচ্চ বিদ্যালয়ে উপজেলার বিভিন্ন হাইস্কুল, মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের ৩৭ জন শিক্ষকদের নিয়ে ৮১তম স্কাউটস ইউনিট লিডার বেসিক কোর্স অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার, উপজেলা নিবাহী অফিসার ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস চাটখিল উপজেলা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মো. নূরের জামান, উপজেলা শিক্ষা অফিসার, চাটখিল। কোর্স লিডারের দায়িত্ব পালন করেন সামছুল আমিন।

■ খবর প্রেরক: মো. বেলাল হোসেন
জেলা স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস ফেনী জেলা

## চাঁদপুর জেলায় ৮টি স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স

চাঁদপুর জেলাকে শতভাগকাবিং জেলা হিসেবে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এজন্য মোট ১৪ টি স্কাউটিং বিষয়ক ও রিয়েন্টেশন কোর্স ও ১৪টি কাব বেসিক কোস আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ফেব্রুয়ারি ২০১৬ মাসের মধ্যে ওরিয়েন্টেশন কোর্স এবং মার্চ ২০১৬ মাসের মধ্যে বেসিক কোর্স আয়োজন সম্পন্ন করতে হবে। এই কার্যক্রমের অংশ হিসেবে ফেব্রুয়ারি মাসে এবং মার্চ মাসের প্রথম সপ্তাহে মোট ৮টি ওরিয়েন্টেশন কোর্স আয়োজন সম্পন্ন হয়, বাকি ৬টি কোর্স মার্চ ২০১৬ মাসের ২য় সপ্তাহের মধ্যে বাস্তবায়ন হবে। বাস্তবায়িত ৮টি ওরিয়েন্টেশন কোর্সের মধ্যে গত ১০ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ফরিদগঞ্জ উপজেলায় ফরিদগঞ্জ এআর পাইলট উচ্চ বিদ্যালয়ে ২৫২ তম, ২৪ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে হাইমচর উপজেলায় নীলকমল ও চমানিয়া উচ্চ বিদ্যালয়ে ২৫৫তম, ২৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে মতলব উত্তর উপজেলায় উপজেলা পরিষদ মিলনায়তনে ২৫৬ ও ২৫৭তম (২টি কোর্স), একই তারিখে হাজীগঞ্জ উপজেলায় বলাখাল জে.এন উচ্চ বিদ্যালয়ে ২৫৮তম, ২৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ কচুয়া উপজেলায় কচুয়া সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে ২৬১ ও ২৬২তম (২টি কোর্স); ২ মার্চ ২০১৬ তারিখে চাঁদপুর সদর উপজেলায় ষোলঘর আদশ উচ্চ বিদ্যালয়ে ২৬৪ তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস কুমিল্লা অঞ্চলের পরিচালনায় ও চাঁদপুর জেলার সহযোগিতায় উক্ত কোর্সগুলো বাস্তবায়ন হয়। উল্লেখ্য বাংলাদেশ স্কাউটস চাঁদপুর জেলার সভাপতি ও জেলা প্রশাসক মো. আব্দুস সবুর মন্ডল এপ্রিল ২০১৬ মাসের মধ্যে চাঁদপুর জেলাকে শতভাগ কাবিং জেলা এবং ২০১৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে শতভাগ স্কাউটিং জেলা হিসেবে বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ করেছেন। এরই অংশ হিসেবে উক্ত কোর্সগুলি বাস্তবায়িত হচ্ছে। ৮টি ওরিয়েন্টেশন কোর্সে এ পর্যন্ত সরকারি, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩২৬ জন শিক্ষক অংশগ্রহণ করেছেন। শতভাগ কাবিং জেলা বাস্তবায়নে চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আক্তার হোসেন ও চাঁদপুর জেলা স্কাউটস এর কর্মকর্তাগণ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

■ খবর প্রেরক: মো. মাসুদ দেওয়ান
চাঁদপুর জেলা

## আন্তর্জাতিক স্কাউট দিবস উদযাপন

২২ ফেব্রুয়ারি ১৬ 'আন্তর্জাতিক স্কাউট দিবস' উপলক্ষে বাংলাদেশ স্কাউটস, ফরিদগঞ্জ উপজেলা বিশেষ কর্মসূচি পালন করে। কর্মসূচির মধ্যে ছিল সকাল ১০টায় বর্ণাঢ্য র‌্যালী ও উপজেলা অডিটরিয়ামে আলোচনা সভা। র‌্যালীতে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস ফরিদগঞ্জ উপজেলা। উপস্থিত ছিলেন উপজেলা স্কাউটস কমিশনার জনাব রফিকুল আমিন (কাজল), উপজেলা শিক্ষা অফিসার জনাব ফরিদ উদ্দিন আহাম্মদ, সহকারী কমিশনার (ভূমি) জনাব সাইফুল ইসলাম ভূইয়া। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের দুই শতাধিক কাব স্কাউট , স্কাউট ও গার্ল-ইন-স্কাউট এবং ইউনিট লিডারগণ র‌্যালী এবং আলোচনা সভায় অংশগ্রহণ করেন। আলোচনা সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন উপজেলা স্কাউট সম্পাদক জনাব হিতেশ চন্দ্র শর্মা।

■ খবর প্রেরক: হিতেশ চন্দ্র শর্মা
সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ফরিদগঞ্জ উপজেলা







## একাদশ বাগেরহাট জেলা স্কাউট সমাবেশ



*একাদশ বাগেরহাট জেলা স্কাউট সমাবেশের উদ্বোধন অনুষ্ঠান*

১৬-২০ মার্চ ২০১৬ বাগেরহাট জেলার কচুয়া উপজেলার গোয়ালমাঠে মাজেদা বেগম কৃষি প্রযুক্তি কলেজ ও গোয়ালমাঠ রসিকলাল মাধ্যমিক বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হয় একাদশ বাগেরহাট জেলা স্কাউট সমাবেশ। রূপকল্প: ২০২১ বাস্তবায়নে আমরাও এই শোগানে উদ্দীপ্ত এবারের সমাবেশে বাগেরহাট জেলার ৯টি উপজেলার ১০৩ টি স্কাউট দলের ৮২৪ জন স্কাউট ও গার্ল-ইন-স্কাউট, ১০৩ জন ইউনিট লিডার, ৪৫ জন কর্মকর্তা, ২৭ জন স্বেচ্ছাসেবক রোভার, ৩০ জন সাপোর্ট স্টাফ এর সার্বিক সহযোগিতায় সমাবেশ সাফল্যজনক ভাবে সম্পন্ন হয়।

১৬ মার্চ, ২০১৬ সমাবেশ স্থলে দলগুলি উপস্থিত হয়ে তাঁবু গ্রহণ তাঁবু এলাকা পরিচ্ছন্ন ও সজ্জাকরণ কাজ সম্পন্ন করে।

১৭ মার্চ, ২০১৬ সকাল ১১ টায় সমাবেশের শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি আলহাজ্ব এ্যাড. মীর শওকাত আলী বাদশা, সংসদ সদস্য, বাগেরহাট-২। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. মাহফুজুর রহমান, উপজেলা চেয়ারম্যান, কচুয়া, জনাব জাকিরুল হক, জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট, জনাব মো. শফিকুল ইসলাম, ডি.ডি. এল.জি ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বাগেরহাট, জনাব মো. মামুন-উল-হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বাগেরহাট, জনাব মো. আজমুল হক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাগেরহাটের জেলা প্রশাসক জনাব মো. জাহাংগীর আলম, সভাপতি, বাগেরহাট জেলা স্কাউটস। উদ্বোধনী অনুষ্ঠানে স্কাউটদের সুশৃঙ্খল মার্চপাস্ট ও আকর্ষনীয় ডিসপ্লে অতিথিদের প্রসংশা অর্জন করে।

১৭ মার্চ, ২০১৬ স্কাউটরা এলাকা ভিত্তিক স্বাস্থ্য বার্তা প্রচার, সমাজ সেবা মূলক কাজে অংশ গ্রহণ করে। এছাড়াও কর্মসূচী অনুযায়ী পাইওনিয়ারিং, প্রাথমিক চিকিৎসা প্রভৃতি প্রতিযোগিতা মূলক কার্যক্রমে অংশ নেয়।

১৮ মার্চ, ২০১৬ বিকাল ৪ টায় সমাবেশে আগত ইউনিট লিডারদের সাথে সাংগঠনিক মতবিনিময় করেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (সংগঠন) জনাব আখতারুজ জামান খান কবির, অতিরিক্ত সচিব, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। সন্ধ্যায় অনুষ্ঠিত বাগেরহাট নাইট সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জনাব আখতারুজ জামান খান কবির, অতিরিক্ত সচিব, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড অনুষ্ঠান উপভোগ করেন এবং স্কাউটদের সাথে কুশল বিনিময় করেন।



১৯ মার্চ, ২০১৬ সন্ধ্যা ৭ টায় অনুষ্ঠিত হয় মহাতাঁবু জলসা ও সমাপনী অনুষ্ঠান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য আলহাজ্ব ডাঃ মো. মোজাম্মেল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (উন্নয়ন) জনাব মো. মেসবাহ উদ্দিন ভূইয়া মুরাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. জাহাংগীর আলম, জেলা প্রশাসক, বাগেরহাট ও সভাপতি, বাগেরহাট জেলা স্কাউটস।



## সিরাজগঞ্জ জেলা স্কাউটস সমাবেশ



*জেলা স্কাউটসের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ টি ইমাম*

“নেতৃত্ব বিকাশে স্কাউটিং”- এই থীমকে ধারন করে বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ জেলা এর আয়োজনে ১২ থেকে ১৬ মার্চ ২০১৬ সয়দাবাদ উচ্চ বিদ্যালয় ৯ম সিরাজগঞ্জ জেলা স্কাউটস সমাবেশ অনুষ্ঠিত হয়। ১৩ মার্চ, সকাল ১০ টায় জাতীয় পতাকা ও সমাবেশ পতাকা উত্তোলনের মধ্য দিয়ে ও বেলুন-ফেস্টুন, আকাশে শান্তির নীড় সাদা কবুতর অবমুক্ত করে ৫ দিন ব্যাপী এই সমাবেশের প্রধান অতিথি শুভ উদ্বোদন ঘোষনা করেন। উদ্বোধনের শুরুতেই এক মনোজ্ঞ ডিসপ্লে ‘বাংলা শ্যামল মায়া’ প্রদর্শন করে স্কাউট বন্ধুরা। অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় প্রধান মন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচটি ইমাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদ সদস্য ৬৩ সিরাজগঞ্জ-২ জনাব অধ্যাপক ডা: হাবিবে মিল্লাত মুন্না এম.পি ও সংরক্ষিত মহিলা আসন সিরাজগঞ্জ-৬ জনাব সেলিনা বেগম স্বপ্না এম.পি, ৯ম সিরাজগঞ্জ জেলা স্কাউটস সমাবেশ সাংগঠনিক কমিটি ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সিরাজগঞ্জ জনাব মুহাম্মদ কামরুল হাসান, পুলিশ সুপার সিরাজগঞ্জ জনাব মিরাজ উদ্দিন আহম্মেদ, সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বাংলাদেশ স্কাউটস সদর উপজেলা জনাব ব্রেনজন চাম্বুগং। বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা সম্পাদক জনাব মো. আবু তাহের মিয়া এল.টি, বাংলাদেশ স্কাউটস এর সহকারি পরিচালক পাবনা সিরাজগঞ্জ জোন জনাব রাসেল আহমেদ প্রমুখ। সমাবেশে অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জনাব মো. বিল্লাল হোসেন জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ও সভাপতি বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা।

১৫ মার্চ সন্ধা ৭.৩০ মিনিট মহা তাবু জলসার সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয়ের মহা-পরিচালক ও সভাপতি বাংলাদেশ স্কাউটস স্বাস্থ্য বিষয়ক জাতীয় কমিটি জনাব কবির বিন আনোয়ার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার সিরাজগঞ্জ জনাব মিরাজ উদ্দিন আহম্মেদ, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট সিরাজগঞ্জ ও সহ-সভাপতি বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা জনাব মোহাম্মদ শামীম আলম, জেলা শিক্ষা অফিসার ও সহ সভাপতি বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা জনাব লায়লা খানম, সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বাংলাদেশ স্কাউটস সদর উপজেলা জনাব ব্রেনজন চাম্বুগং সহ আরোও উপস্থিত ছিলেন সিভিল সার্জন জনাব ডা: শহিদ মো. সাদেকুল ইসলাম, বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা সম্পাদক জনাব মো. আবু তাহের মিয়া এল.টি, সিরাজগঞ্জ সদর উপজেলা সম্পাদক জনাব মো. আলতাফ হোসেন, সাবেক পরিচালক সোনালী ব্যাংক লিমিটেড ও সহকারি কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), যুন্ম সম্পাদক বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা মো. আব্দুল মজিদ, কোষাধ্যক্ষ মো. লোকমান হোসেন ও জেলা স্কাউট লিডার এবং প্রোগ্রাম চীফ জনাব মো. খালেকুজ্জামান খান এ.এল.টি প্রমুখ। সমাবেশে অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জনাব মো. বিল্লাল হোসেন জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ও সভাপতি বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা।

সমাবেশে ৬৯ টি প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠান ও ৩ টি মুক্ত স্কাউট দল সমাবেশে অংশগ্রহণ করে। সমাবেশকে তিনটি নদীর নামে নামকরণ করা হয়- (১) করোতোয়া (২) হুরা-সাগর (৩) ইছামতি। মেইন এরিনার নাম করণ করা হয় যমুনা ।

■ খবর প্রেরক: মো. হোসেন আলী ছোট্ট
অগ্রদূত সংবাদদাতা, সিরাজগঞ্জ

## পাঁচবিবিতে বাল্যবিয়ে প্রতিরোধে স্কাউটস সমাবেশ

জয়পুরহাটের পাঁচবিবিতে বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ে উপজেলা স্কাউট ও কাবের এক দিনের সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। রোববার সকালে পৌরসভা ও বালিঘাটা ইউনিয়নের মাধ্যমিক স্তরের ৩২ টি শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে সমিরন নেছা মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সমাবেশের উদ্বোধন করেন উপজেলা স্কাউটস এর সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার নূর উদ্দিন আল ফারুক। এ উপলক্ষে স্কাউটস ক্লাব দল ৪টি স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও মানববন্ধন কর্মসূচি পালন করে। এ উপলক্ষে বিকেলে সমাবেশ স্থলে







*বাল্য বিবাহ প্রতিরোধে মানব বন্ধন*

উপজেলা নির্বাহী অফিসার নূর উদ্দিন আল ফারুকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ভাষা সৈনিক মির শহীদ মন্ডল, উপজেলা স্কাউটস কমিশনার আসাদুজ্জামান মুকুল প্রমুখ। আলোচনা সভার পর তিনটি শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয় ও ২৮০ জন স্কাউটস কাব স্কাউটের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

■ খবর প্রেরক: মো. সালেহুর রহমান সজীব
অগ্রদূত সংবাদদাতা, জয়পুরহাট

## নাটোর সদর উপজেলায় দুটি ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস নাটোর সদর উপজেলার উদ্যোগে গ্রীন একাডেমি উচ্চ বিদ্যালয়ে দুটি ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। ১৪ মার্চ ১৬১ তম কাব স্কাউট ও ১৫ মার্চ ১৬২ তম স্কাউট ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। নাটোর সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ নায়িরুজ্জামান কোর্সের উদ্বোধন করেন। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. শাহ আলম সেখ ও উপজেলা শিক্ষা অফিসার মো. আলী আশরাফ, গ্রীন একাডেমি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও জেলা স্কাউটস কোষাধ্যক্ষ নাসিমা খাতুন উপস্থিত ছিলেন। কোর্স লিডার ছিলেন সঞ্জীব কুমার সরকার, এ এল টি ও সম্পাদক জেলা স্কাউটস নাটোর। কোর্সে উপজেলার ১০০ জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহন করেন।

■ খবর প্রেরক: এস এম আবুল কাওসার
সম্পাদক, বাংলাদেশ স্কাউটস নাটোর সদর উপজেলা

## পাবনা জেলা স্কাউট ভবন উদ্বোধন




গত ২০ মার্চ ২০১৬ পাবনা জেলা স্কাউটসের অনেক সাধনার ফসল জেলা স্কাউট ভবন উদ্বোধন হয়। ভবন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব রেখা রানী বালো, সভাপতি বাংলাদেশ স্কাউটস পাবনা জেলা ও জেলা প্রশাসক পাবনা। অনুষ্ঠানের প্রথমে প্রধান অতিথি ভবনটির ভিত্তিপ্রস্তর উন্মোচন করেন এবং ভবনে বৃক্ষ রোপন করেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোহা: নাসির উদ্দিন, জেলা শিক্ষা অফিসার পাবনা, জনাব মো. আব্দুস সালাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পাবনা, জনাব রাইহানা ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন জনাব মো. রাসেল আহমেদ, সহকারি পরিচালক (সিরাজগঞ্জ ও পাবনা জোন), জনাব মো. আশরাফ আলি, সম্পাদক, পাবনা জেলা রোভার, জেলা স্কাউট লিডার আলহাজ্ব জাহিদ হোসেন, জেলার ৯ টি উপজেলার সম্পাদক, কমিশনার, উপজেলা স্কাউট লিডার ও উপজেলা কাব লিডার এবং স্কাউটারবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালন করেন মো. নওসাদ আলী, কোষাধ্যক্ষ, পাবনা জেলা স্কাউটস। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন জনাব মো. শফিকুল ইসলাম স্বপন, কমিশনার, পাবনা জেলা স্কাউটস। অনুষ্ঠানটিতে সার্বিক দায়িত্ব পালন করেন জনাব মো. মির্জা আলি নাসির, সম্পাদক, পাবনা জেলা স্কাউটস।

■ খবর প্রেরক: মো. শরিফুল ইসলাম
অগ্রদূত সংবাদদাতা, পাবনা জেলা

## গার্ল-ইন-স্কাউট পারদর্শিতা ব্যাজ কোর্স




বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের উদ্যোগে স্কাউটস সপ্তাহ ২০১৬ উপলক্ষ্যে সপ্তাহ ব্যাপী কর্মসূচী পালন করা হয়। কর্মসূচীর অংশ হিসেবে ১৯-২৩ ফেব্রুয়ারি, ২০১৬ পর্যন্ত আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রূপাতলী, বরিশালে ৭ম গার্ল-ইন-স্কাউট পারদর্শিতা ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। বরিশাল অঞ্চলের বিভিন্ন উপজেলার ৪৭ জন গার্ল-ইন- স্কাউট কোর্সে অংশ গ্রহন করেন। বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব তৌহিদ উদ্দিন আহম্মেদ এলটি, কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন । কোর্সে ৮ জন প্রশিক্ষক ছিলেন। বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক উপ-কমিশনার(প্রোগ্রাম) জনাব এসএম জাকির হোসেন এএলটি কোর্স পরিদর্শন করেন।

## ষষ্ঠক নেতা কোর্স




বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের উদ্যোগে স্কাউটস সপ্তাহ ২০১৬ উপলক্ষে ১৯-২৩ ফেব্রুয়ারি, ২০১৬ পর্যন্ত আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রূপাতলী, বরিশালে কাবদের ৬ষ্ট ষষ্টক নেতা কোর্স অনুষ্ঠিত হয়। বরিশাল অঞ্চলের বিভিন্ন উপজেলার ৫০ জন ষষ্টক নেতা কোর্সে অংশগ্রহন করেন। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব তৌহিদ উদ্দিন আহম্মেদ এলটি। কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন জনাব বাবুল হোসেন সিএএলটি, প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন অভিজ্ঞ ৮ জন প্রশিক্ষক।

## আর্ন্তজাতির মাতৃভাষা দিবস উদযাপন

বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের উদ্যোগে স্কাউটস সপ্তাহ ২০১৬ এর অংশ হিসেবে আর্ন্তজাতিক মাতৃভাষা (শহীদ দিবস) দিবস উপলক্ষ্যে সকাল ৬:০০টায় মহান শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে পদযাত্রা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক স্কাউট প্রশিকণ কেন্দ্র থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে রূপাতলী শের-ই-বাংলা ডিগ্রী কলেজ শহীদ মিনারে পুস্অর্জন করেন। পদযাত্রা অনুষ্ঠানে কাব স্কাউট, স্কাউট, স্কাউট লিডার ও অন্যান্য কর্মকর্তা সহ ১৩০ জন অংশগ্রহণ করেন।

## বিপি'র জন্মবার্ষিকী ও স্কাউট দিবসের র‌্যালী অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস বরিশাল অঞ্চলের উদ্যোগে ব্যাডেন পাওয়েল এর জন্মবার্ষিকী ও স্কাউট দিবস পালন করা হয়। কাব স্কাউট, স্কাউট, স্কাউট লিডার, জেলা স্কাউটস কর্মকর্তা ও আঞ্চলিক স্কাউট কর্মকর্তাদের অংশগ্রহণে স্কাউট দিবসের র‌্যালী অনুষ্ঠিত হয়। র‌্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রুপাতলী,বরিশালে এসে শেষ হয়। র‌্যালী শেষে ব্যাডেন পাওয়েল এর জন্ম বার্ষিকী উপলক্ষ্যে বিপি'র জীবনকর্ম নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব তৌহিদ উদ্দিন আহম্মেদ। আলোচনা সভা শেষে ব্যাডেন পাওয়েল এর জন্মবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটা হয়।

## উপদল নেতা কোর্স

বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের উদ্যোগে ২৯ ফেব্রুয়ারি থেকে ০৩ মার্চ ২০১৬ পর্যন্ত আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রূপাতলী, বরিশালে ২টি উপদল নেতা কোর্স অনুষ্ঠিত হয়। বরিশাল অঞ্চলের বিভিন্ন উপজেলার ৪৫ জন করে ২টি কোর্সে ৯০ জন উপদল নেতা কোর্সে অংশ গ্রহন করেন। বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (উন্নয়ন) জনাব মেজবাহ উদ্দিন ভুইয়া কোর্স পরিদর্শন করেন। এ সময় তিনি শিক্ষার্থীদের সাথে দীক্ষা অনুষ্ঠানের গুরুত্ব ও পিএস অ্যাওয়ার্ড অর্জনের কৌশল বিষয়ে বক্তব্য প্রদান করেন। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে




প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক উপ-কমিশনার(প্রশিক্ষণ) জনাব মো. আব্দুস ছাত্তার এলটি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব তৌহিদ উদ্দিন আহম্মেদ এলটি।

## স্কাউট পারদর্শিতা ব্যাজ কোস



বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের উদ্যোগে ২৯ ফেব্রুয়ারি থেকে ০৩ মার্চ ২০১৬ পর্যন্ত আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রূপাতলী, বরিশালে পারদর্শিতা ব্যাজ কোর্স অনুষ্ঠিত হয়। বরিশাল অঞ্চলের বিভিন্ন উপজেলার ৪৫ জন স্কাউট কোর্সে অংশ গ্রহন করেন। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক উপ-কমিশনার (প্রশিক্ষণ) জনাব মো. আব্দুস ছাত্তার এলটি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব তৌহিদ উদ্দিন আহম্মেদ এলটি, কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মমিন হাওলাদার।

## ৭৪ তম কাব লিডার স্কিল কোর্স অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটসের পরিচালনায় ও বরিশাল অঞ্চলের ব্যবস্থাপনায় ৭৪ তম কাব লিডার স্কিল কোর্স বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রূপাতলী, বরিশালে ৭ থেকে ১০ মার্চ, ২০১৬ পর্যন্ত অনুষ্ঠিত হয়। ৭ মার্চ, ২০১৬ তারিখ বেলা ২:৩০টায় বাংলাদেশ স্কাউটস বরিশাল অঞ্চলের আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব তৌহিদ উদ্দিন আহম্মেদ এলটি এর সভাপতিত্বে অনুষ্ঠিত কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস বরিশাল অঞ্চলের জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও লিডার ট্রেনার জনাব মো. আব্দুস ছাত্তার এলটি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক উপ-কমিশনার (সমাজ উন্নয়ন) জনাব তুষার কান্তি চৌধুরী এলটি। কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ স্কাউটসের অভিজ্ঞ লিডার ট্রেনার জনাব আব্দুস সোবহান এলটি।

## ৬৯ তম স্কাউট লিডার স্কিল কোর্স অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটসের পরিচালনায় ও বরিশাল অঞ্চলের ব্যবস্থাপনায় ৬৯ তম স্কাউট লিডার স্কিল কোর্স বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র রূপাতলী, বরিশালে ৭ থেকে ১০ মার্চ, ২০১৬ পর্যন্ত অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস বরিশাল অঞ্চলের জাতীয় নির্বাহী কমিটির প্রতিনিধি সদস্য ও লিডার ট্রেনার জনাব মো. আব্দুস ছাত্তার এলটি, কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন। কোর্সে বরিশাল অঞ্চলের বিভিন্ন উপজেলা থেকে ২৭ জন জন কাব লিডার অংশগ্রহন করেন। ৯ তারিখ সন্ধ্যা ৭:০০টায় কোর্সে তাঁবু জলসা অনুষ্ঠিত হয়।

■ খবর প্রেরক: মো. ইসাহাক আলি মিজান
অগ্রদূত সংবাদদাতা

## নাগেশ্বরীতে বিদ্যুৎ ক্যাম্প

২০-২৩ ডিসেম্বর ২০১৫ বাংলাদেশ স্কাউটস নাগেশ্বরী উপজেলার ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয় ৪র্থ বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প। নাগেশ্বরী উপজেলাধীন কচাকাটা বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত এ ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্যাম্পের শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার জনাব আবু হায়াত মো. রহমতুল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আব্দুল জলিল, চেয়ারম্যান, বল্লভের থানা ইউনিয়ন পরিষদ। সভাপতিত্ব করেন ফজলুর রহমান, প্রধান শিক্ষক, কচাকাটা বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয়। বিদ্যুৎ ক্যাম্পে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪০জন স্কাউট অংশগ্রহণ করে তন্মধ্যে ১০জন গার্ল-ইন-স্কাউট অংশগ্রহণ করে। ক্যাম্পে কোর্স লিডারের দায়িত্ব পালন করেন জনাব মো. সেকেন্দার আলী এএলটি। এছাড়া রিসোর্স পারসন হিসেবে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি ও বন্ধু চুলার প্রতিনিধি উপস্থিত ছিলেন। কোর্সের শেষ দিন মহা তাঁবু জলসায়, উপস্থিত গণ্যমান্য ব্যক্তিবর্গ বিভিন্ন আইটেম উপভোগ করেন।

## কুড়িগ্রাম সদরে বিদ্যুৎ ক্যাম্প অনুষ্ঠিত

২০-২৩ ডিসেম্বর ২০১৫ স্কাউটদের বিদ্যুৎ সাশ্রয়ী ও সচেতন করে গড়ে তোলা এবং তাদের মাধ্যমে সকল পর্যায়ের মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সারা দেশের ন্যায় কুড়িগ্রাম সদর উপজেলায় অনুষ্ঠিত হয় ৪র্থ জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প। সদর উপজেলাধীন খলিলগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত এই ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন উপজেলা স্কাউট কমিশনার ও উপজেলা মাধ্যমিক অফিসার মো. আজিজার রহমান। বিদ্যুৎ ক্যাম্পে ৪০জন স্কাউট অংশগ্রহণ করে তার মধ্যে ১০জন গার্ল-ইন-স্কাউট ছিল। কোর্সটি পরিচালনা করেন খন্দকার খায়রুল আনাম, এএলটি, তাকে সহায়তা করেন একেএম সামিউল হক, এলটি, মো. শাবাবুদ্দিন, এলটি, অতুল প্রয়াস, এলটি, আবদুল মালেক সরকার, আবদুল কাইয়ুম, মিজানুর রহমান, জুলফিকার আলী প্রমুখ। কোর্সে মহাতাঁবু জলসায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, সদর কুড়িগ্রাম, মো. আমিনুল ইসলাম।

## লালমনিরহাট জেলার আদিতমারীতে স্কাউট লিডার বেসিক কোর্স অনুষ্ঠিত

১০-১৪ ডিসেম্বর ২০১৫ লালমনিরহাট জেলাধীন আদিতমারী উপজেলায় বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের পরিচালনায় এবং আদিতমারী উপজেলা স্কাউটস এর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হল ২৭ তম স্কাউট লিডার বেসিক কোর্স। আদিতমারী জিএস মডেল স্কুল এন্ড কলেজ মাঠে অনুষ্ঠিত এই কোর্সের শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী মো. জহরুল ইসলাম, কোর্সের মহাতাঁবু জলসায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. হাবিবুর রহমান, জেলা প্রশাসক, লালমনিরহাট। অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন এডিএম রেজাউল করিম, উপজেলা পরিষদ চেয়ারম্যানসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ। কোর্সে কোর্স লিডারের দায়িত্ব পালন করেন মাহবুবুল হক প্রামানিক এলটি। তাঁকে সহায়তা করেন আলহাজ্ব সেকেন্দার আলী, এএলটি, শমসের আলী, মহেন্দ্র নাথ বর্মন, মহব্বত-বিন-খন্দকার, মোজাম্মেল হক প্রমুখ। কোর্সে ৩২জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ভুরুঙ্গামারীতে ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

১৩ ফেব্রুয়ারি দিনব্যাপি কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলা পরিষদ হল রুমে ১৭৩তম স্কাউটিং বিষয়ক একটি ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার ভুরুঙ্গামারীতে উপস্থিত থেকে কোর্সের শুভ উদ্বোধন করেন এবং তিনিই কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। ১৭৩ তম এই কোর্সটি পরিচালনা করেন বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল এবং উদ্যোগ গ্রহণ করেন বাংলাদেশ স্কাউটস ভুরুঙ্গামারী উপজেলা। কোর্স লিডারের দায়িত্ব পালন করেন স্কাউটার একেএম সমিউল হক, এলটি। কোর্সে ৪৩ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন তার মধ্যে ১২জন মহিলা প্রশিক্ষণার্থী ছিলেন।

## স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্স কোর্স অনুষ্ঠিত

৯ থেকে ১৩ ফেব্রুয়ারি ২০১৬ বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের আঞ্চলিক কার্যালয় ও প্রশিক্ষণ কেন্দ্রে জাতীয় সদর দফতরের পরিচালনায় এবং দিনাজপুর অঞ্চলের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয় ৩৪৯ তম কাব স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্স কোর্স। কোর্সে কোর্স লিডারের দায়িত্ব পালন করেন স্কাউটার মো. আক্তারুজ্জামান এলটি, তাকে সহায়তা করেন স্কাউটার মাহবুবুল হক, এলটি, স্কাউটার মশিউর রহমান চৌধুরী এএলটি, স্কাউটার শফিকুল আলম এলটি, স্কাউটার আঞ্জুমান আরা বেবী, এএলটি, স্কাউটার সেকেন্দার আলী, এএলটি, স্কাউটার দেওয়ান মোছা: রাশেদা প্রমুখ। কোর্সে ৪০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। তার মধ্যে ১১জন মহিলা প্রশিক্ষণার্থী ছিলেন। প্রশিক্ষণার্থীগণ একটি মনোরম ও সুন্দরতাঁবু জলসার আয়োজন করে সবাইকে আনন্দ দান করেন।

■ খবর প্রেরক: খন্দকার খায়রুল আনাম
অগ্রদূত সংবাদদাতা, কুড়িগ্রাম








## বদলগাছীতে মহান স্বাধীনতা দিবসে রোভারদের রক্তদান কর্মসূচি



নওগাঁ জেলা রোভারের বদলগাছী উপজেলাধীন বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয় রোভার গ্রুপ এর আয়োজনে প্রস্তাবিত মুক্তিযোদ্ধা স্টেডিয়ামে রক্তদান কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। ২৬ মার্চ শনিবার মহান স্বাধীনতা দিবস উপলক্ষে এ রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। মহান স্বাধীনতা দিবস এর আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের পরে রক্তদান কর্মসূচির কার্যক্রম শুরু হয়। রক্তদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় সাংসদ মো. ছলিম উদ্দিন তরফদার, উপজেলা নির্বাহী অফিসার মো. হুসাইন শওকত, বদলগাছী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. রফিকুল ইসলাম খান, বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয় রোভার গ্রুপের প্রতিষ্ঠাতা সম্পাদক প্রফেসর এস.এম ইউনুছার সহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।

রক্তদান কর্মসূচীতে বদলগাছীর ৩২জন রক্তদাতা রক্তদান করেন। বদলগাছী উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় রক্তদান কর্মসূচীর আয়োজনে সহযোগিতা প্রদান করে নওগাঁর সেচ্ছাসেবামূলক ছাত্র সংগঠন আলোর সন্ধানে নওগাঁ ও বিদ্যাসাগর ইন্সটিটিউট, বদলগাছী, নওগাঁ।

রক্তদান কার্যক্রম সম্পর্কে বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয় রোভার গ্রুপ এর সম্পাদক মো. গোলাম মোস্তফা বলেন, "সেবা ব্রতকে সামনে রেখে আমাদের রক্তদান কর্মসূচীর আয়োজন। বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয় রোভার গ্রুপ সেবামূলক কাজের মাধ্যমে এগিয়ে যাচ্ছে। ক্রমোন্নতিশীল ব্যাজ পদ্ধতিতে কাজ করার পাশাপাশি আমরা রোভারদের সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে সচেতন করতে আমরা বদ্ধ পরিকর।"

■ খবর প্রেরক: মো. আরমান হোসেন
অগ্রদূত সংবাদদাতা, নওগাঁ

## ৬ষ্ঠ বগুড়া জেলা রোভার মুট -২০১৬

৯ থেকে ১৩ মার্চ বগুড়ায় অনুষ্ঠিত হল ৬ষ্ঠ বগুড়া জেলা রোভার মুট। ৯ মার্চ বগুড়া জেলা রোভারের আয়োজনে সরকারি আজিজুল হক কলেজের খেলার মাঠে ৫দিন ব্যাপী ৬ষ্ঠ বগুড়া জেলা রোভার মুটের উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন সরকারি আজিজুল হক কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. সামস্-উল আলম। জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা এবং মুট সঙ্গীতের সাথে জেলা রোভার পতাকা, মুট পতাকা ও চারটি সাবক্যাম্পের পতাকা উত্তোলন করেন অতিথিরা। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সরকারি আজিজুল হক কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. সামস্- উল আলম। সভাপতিত্ব করেন মুট চীফ ও জেলা রোভারের কমিশনার কে বি এম মুসা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সারিয়াকান্দি কলেজের অধ্যক্ষ সাইদুজ্জামান স্বপন, তসলিম উদ্দিন তরফদার ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ। শুভেচ্ছা বক্তব্য রাখেন বগুড়া জেলা রোভারের সম্পাদক আব্দুস ছামাদ। ৬ষ্ঠ বগুড়া জেলা রোভার মুট ২০১৬ তে বগুড়া জেলার ৩৫টি কলেজের রোভার, গার্ল-ইন-রোভার, স্বেচ্ছাসেবক এবং কর্মকর্তা সহ মোট ৪০০ জন অংশগ্রহণ করেছেন। ক্যাম্প এরিনাকে ৪টি সাবক্যাম্পে ভাগ করা হয়েছে। সাবক্যাম্পগুলোর নাম ড. মুহম্মদ শহীদুল্লাহ



সাবক্যাম্প সৈয়দ মুজতবা আলী সাবক্যাম্প, ভাষা সৈনিক গাজিউল হক সাবক্যাম্প এবং রোমেনা আফাজ সাবক্যাম্প। মুল এরিনার নাম দেওয়া হয়েছে স্যার আজিজুল হক এরিনা।

১০ মার্চ ৬ষ্ঠ বগুড়া জেলা রোভার মুট ২০১৬ রোভাররা ৪টি চ্যালেঞ্জে অংশ গ্রহণ করে। এই দিন তারা অজানার উদ্দেশ্যে যাত্রা শুরু করে ফিল্ডবুক ও কম্পাসের সাহয্যে পৌছে যায় বগুড়া জিলা স্কুলে। সেখানে তারা ইউনিট ভিত্তিক নাচ, গান এবং শিক্ষামূলক নাটিকা পরিবেশন করে। এই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বগুড়া জেলা রোভারের সভাপতি ও জেলা প্রশাসক মো. আশরাফ উদ্দিন, বিশেষ অতিথি জেলা আওয়ামী লীগ সভাপতি আলহাজ্ব মমতাজ উদ্দিন, বগুড়া জিলা স্কুলের প্রধান শিক্ষক রমজান আলী। শুভেচ্ছা বক্তব্য রাখেন মুট সচিব ও জেলা রোভারের সম্পাদক আব্দুস ছামাদ।

১১ মার্চ চ্যালেঞ্জ- ৭ অনুমান ও পর্যবেক্ষণ, চ্যালেঞ্জ- ৪ প্রাথমিক প্রতিবিধান, চ্যালেঞ্জ- ৫ সাধারণ জ্ঞান ও মুক্ত সময়ের কার্যক্রম অনুষ্ঠিত হয়। এই দিন প্রাক্তন রোভাররা বক্তব্যে তাঁদের রোভার স্কাউটিং জীবনের স্মৃতিচারণ করে তাঁদের বিভিন্ন অর্জনের কথা তুলে ধরেন এবং বর্তমান বগুড়া জেলা রোভার স্কাউটকে আরো গতিশীল করতে বিভিন্ন পরামর্শ এবং তাদের সহযোগিতার আশ্বাস ব্যক্ত করেন।

১২ মার্চ চ্যালেঞ্জ- ৯ সমাজ উন্নয়ন, চ্যালেঞ্জ- ১০ দূর্যোগ ব্যবস্থাপনা ও উদ্ধার অভিযান, চ্যালেঞ্জ- ১১ দেয়াল পত্রিকা এবং চ্যালেঞ্জ- ১২ মহাতাঁবু জলসা অনুষ্ঠিত হয়। বিকালে সাবক্যাম্প ভিত্তিক দেয়াল পত্রিকা তৈরি করে চ্যালেঞ্জ- ১১ তে অংশ গ্রহন করে রোভাররা। মহাতাঁবু জলসায় আলোচনা সভা ও ক্যাম্প ফায়ার অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা রোভারের সভাপতি ও জেলা প্রশাসক মো. আশরাফ উদ্দিন। অতিথি হিসাবে বক্তব্য রাখেন সরকারি আজিজুল হক কলেজের অধ্যক্ষ মো. সামস্-উল আলম,অতিরিক্ত পুলিশ সুপার মো. সাইফুজ্জামান, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের যুগ্ম সম্পাদক খাঁন মইনুদ্দিন আল মাহমুদ সোহেল, বগুড়া জেলা রোভারের কমিশনার কে বি এম মুসা। আলোচনা সভা শেষে অতিথিরা আগুন জ্বালিয়ে ক্যাম্প ফায়ারের উদ্বোধন করেন।

১৩ মার্চ সকাল ১১ টায় সমাপনী অনুষ্ঠানে অংশ গ্রহনকারী রোভার ইউনিট গুলোকে ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হয়।

■ খবর প্রেরক: মো. সিজুল ইসলাম
অগ্রদূত সংবাদদাতা, বগুড়া

## ফেনী জেলা রোভার স্কাউটস এর ১ম দক্ষতা ব্যাজ কোর্স সম্পন্ন




বাংলাদেশ স্কাউটস ফেনী জেলা রোভারের আয়োজনে বখতারমুন্সী শেখ শহীদুল ইসলাম ডিগ্রী কলেজে (২৭ থেকে ৩০ মার্চ) ১ম দক্ষতা ব্যাজ কোর্স মহা তাবু জলসার মাধ্যমে সম্পন্ন হয়েছে।

দক্ষতা ব্যাজ কোর্সে জেলার ৩২টি কলেজের ৭৫ জন রোভার এবং রোভার স্বেচ্ছাসেবক অংশগ্রহন করে। ফেনী জেলায় দক্ষতা ব্যাজ কোর্স প্রথম বারের মত সম্পন্ন হয়েছে।

বখতারমুন্সী শেখ শহীদুল ইসলাম ডিগ্রী কলেজের অধ্যক্ষ মমিনুল হকের সভাপতিত্বে মহা তাবু জলসায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ফেনীর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এনামুল হক। বিশেষ অতিথি ছিলেন, ফেনী সরকারী কলেজের অধ্যক্ষ ও ফেনী জেলা রোভার কমিশনার আবুল কালাম আজাদ, সোনাগাজী সরকারী কলেজের অধ্যক্ষ মহিউদ্দিন চৌধুরী, সোনাগাজী উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা বিদর্শী সম্বোধী চাকমা, নাছির মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ একেএম মজিবুর রহমান, জেলা স্কাউটস সম্পাদক জয়নাল আবদিন, বালিয়াকান্দি ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক ও প্রশিক্ষনের কোর্স লিডার একেএম নুরুল আফসার। কোর্স এর প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, সিরাজ উদ্দৌলা, কবির উদ্দিন মজুমদার, ওমর ফারুক, মো. বেলাল হোসেন, আহম্মদ আলি।



**Dependable Power - Delighted Customer**

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. (ডিপিডিসি)

বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

## সময়মত বিদ্যুৎ বিল পরিশোধ করুন

- বিদ্যুৎ একটি অতি প্রয়োজনীয় ও মূল্যবান জাতীয় সম্পদ। দেশের বৃহত্তর স্বার্থে সীমিত এই সম্পদের সুষ্ঠ ও পরিমিত ব্যবহার একান্ত বাঞ্চনীয়। এ বিষয়ে আপনি ব্যবস্থা নিন এবং অপরকেও উদ্বুদ্ধ করুন।
- বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হউন। আপনার বাসগৃহ অথবা কার্যালয়ে যত কম পরিমাণ বিদ্যুৎ ব্যবহার করলে চলে ঠিক ততটুকুই ব্যবহার করুন। এতে বিদ্যুৎ সাশ্রয় হবে, আপনার বিদ্যুৎ বিল কম আসবে এবং সাশ্রয়কৃত বিদ্যুৎ প্রয়োজনীয় কাজে ব্যবহার করলে দেশ ও সমাজ উপকৃত হবে।
- আপনার শিল্প প্রতিষ্ঠান দু'শিফটে পরিচালিত হলে লোড-শেডিং পরিহারের জন্য পিক-আওয়ার (সন্ধ্যা ৫.০০ টা হতে রাত ১১.০০ টা পর্যন্ত) এর আগে বা পরে কাজের সময় নির্ধারণ করুন। আপনার কার্যালয়ে অথবা বাসগৃহে পানির পাম্প, ইস্ত্রি, মাইক্রোওভেন, গিজার, ওয়াশিং মেশিন, ড্রায়ারসহ অন্যান্য গৃহস্থালী যন্ত্রপাতি পিক আওয়ারে ব্যবহার থেকে বিরত থাকুন।
- আধুনিক প্রযুক্তির "এনার্জি এফিশিয়েন্ট লাইট ও মোটর" কম বিদ্যুৎ দিয়ে চলে। এ ধরনের লাইট ও মোটরে বিদ্যুৎ খরচ অনেক কম হয় বলে বিদ্যুৎ সাশ্রয় হয় এবং বিদ্যুৎ বিল কম হয়, সুতরাং আজ থেকেই "এনার্জি এফিশিয়েন্ট লাইট ও মোটর" ব্যবহার করুন।
- আপনার বাসগৃহ ও কার্যালয়ে অনুমোদিত লোড অনুযায়ী বিদ্যুৎ ব্যবহার করুন। অনুমোদিত লোডের অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার করলে বিতরণ ব্যবস্থায় কারিগরী সমস্যার সৃষ্টি হয়ে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হতে পারে। অতএব, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পেতে হলে অননুমোদিত লোড ব্যবহার থেকে বিরত থাকুন।
- অবৈধ বিদ্যুৎ সংযোগ গ্রহণকারীরা অনিয়ন্ত্রিতভাবে বিদ্যুৎ ব্যবহার করে। ফলে বিদ্যুতের ঘাটতি দেখা দেয় এবং আপনি বৈধ বিদ্যুৎ গ্রাহক হয়েও চাহিদা মোতাবেক বিদ্যুৎ প্রাপ্তি থেকে বঞ্চিত হন। আসুন, আমরা সকলে ঐক্যবদ্ধভাবে অবৈধ বিদ্যুৎ সংযোগ ব্যবহারকারীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলি।
- ডিপিডিসি এলাকায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বা অন্য যে কোন বিষয়ে আপনার কোন অভিযোগ থাকলে ভারপ্রাপ্ত কর্মকর্তা, কমপ্লেইন সেল, কোম্পানী সচিবালয়, ডিপিডিসি বরাবরে অবহিত করুন। প্রয়োজনে আপনার পরিচয় গোপন রাখা হবে।
- ডিপিডিসি সর্বদা গ্রাহক সেবায় নিয়োজিত।

Regd. No. DA-35 Monthly The Agradoot, Bangladesh Scouts 60th Year 3rd Issue, March-2016

ISO 9001 : 2000
CERTIFIED

# পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
# POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
*(An Enterprise of Bangladesh Power Development Board)*

## ন্যাশনাল পাওয়ার গ্রীড এর সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মান সম্পন্ন বিদ্যুৎ নিরবিচ্ছিন্নভাবে দেশের সকল মানুষের নিকট পৌঁছে দেয়াই আমাদের অঙ্গিকার

- গ্রীড উপকেন্দ্র, গ্রীড লাইন ও টাওয়ার আমাদের জাতীয় সম্পদ, তা রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব ।
- গ্রীড উপকেন্দ্র, সঞ্চালন লাইন ও বৈদ্যুতিক টাওয়ারের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ চুরি প্রতিরোধে সহায়তা করুন, বড় ধরণের বিদ্যুৎ বিপর্যয় থেকে দেশকে বাঁচান ।
- অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের বিরুদ্ধে সোচ্চার হোন এবং বিদ্যুৎ চুরি প্রতিরোধে বিদ্যুৎ কর্মীদের সহায়তা করুন ।
- বৈদ্যুতিক টাওয়ারের সংস্পর্শে আসবেন না, নিরাপদ দূরত্ব বজায় রাখুন ।
- গ্রীড লাইন ও টাওয়ার হতে নিরাপদ দূরত্ব বজায় রেখে স্থাপনা নির্মাণ করুন ।
- বৃক্ষরোপন কর্মসূচী পালন কালে গ্রীড লাইন ও টাওয়ার হতে নিরাপদ দূরুত্বে স্থান নির্বাচন করুন ।
- আপনার গ্রাহক অধিকার এবং দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হোন ।
- বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন । মনে রাখুন আপনি বিদ্যুৎ সাশ্রয় করলে তা অন্য একজন ব্যবহার করতে পারে । এমনকি ইহা গুরুত্বর অসুস্থ একজনের জীবন বাঁচানোর কাজে লাগতে পারে ।
- বিদ্যুৎ অপচয় রোধে সচেতনভাবে ফ্যান, বাতি ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করুন ।
- বিদ্যুৎ সাশ্রয়ী (CFL/T5) বাল্ব ব্যবহার করুন ।
- দিনের আলোতে প্রয়োজনীয় কাজ শেষ করুন ।
- বিকাল ৫:০০ টা হতে রাত ১১ঃ০০টা পর্যন্ত সময়ে দোকান, শপিংমল, বাসাবাড়ীতে আলোকসজ্জা হতে বিরত থাকুন । এ সময়ে সর্বোচ্চ জাতীয় বিদ্যুৎ চাহিদার গ্রাহক প্রান্তের ব্যবস্থাপনায় সক্রিয় ভূমিকা রাখুন ।

Editor: Md. Toufiq Ali, Published by Md. Majibar Rahman Mannan, Executive Directory in-Charge on behalf of Bangladesh Scouts, National Scout Bhaban 60, Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh, Phone: 9337714, Printed by: Dotnet Limited, 51/51a, Purana Paltan, Dhaka-1000, Phone: 9563578